Daily PDF Download: http://www.gksolve.com

৬ জেলায় ১২ স্কুলে চাকরি ১৪ পাতায়

এই সংখ্যায়: পরীক্ষা প্রস্তুতি ও অন্যান্য নিয়মিত বিভাগ

RICE GROUP
# জীবিকা দিশারী
সাফল্যের চাবিকাঠি

CBSE,UGC,CSIR NET/SET
100% SUCCESS. Best Classroom/ Postal Coaching on All Sub only at GURUKUL(Kolkata)
7059918186 / 9051352337
www.gurukuledutech.com

16 Pages | Vol.7 Issue 48 Sunday 12 November - 18 November 2017, 26 Kartik 1424 | WBBEN/2010/35697 | ₹5.00 * Airsurcharge ₹10.00

24/7 365 days চাকরির খবর

# আসছে!

সপ্তাহের শেষে নয় সপ্তাহে প্রতিদিন, প্রতি মুহূর্তে

## বাংলায় প্রথম চাকরির খবরের ওয়েবপোর্টাল

www.jibikadishari.co.in

## আগামীদিনে সময়ের সাথে তাল মিলিয়ে ডিজিটাল মিডিয়ায় আত্মপ্রকাশ করল জীবিকা দিশারী



গত ৭ বছর ধরে জীবিকা দিশারী পশ্চিমবঙ্গের শহর গ্রামেগঞ্জে সরকারি চাকরি পেতে ইচ্ছুক ছেলেমেয়েদের প্রতিষ্ঠার স্বপ্নে শরিক করে নিতে পেরেছিল। ৩০ বছর ধরে RICE-এর ছাত্র-ছাত্রীদের রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরির ক্ষেত্রে ঈর্ষান্বিত সাফল্যের স্পর্শ ও কাহিনী গ্রাম বাংলার কোণায়-কোণায় পৌঁছে যাওয়ায় সরকারি চাকরি পেতে ইচ্ছুক ছেলেমেয়েদের কাছে জীবিকা দিশারী একান্ত আপন হয়ে বেড়ে উঠেছিল। জীবিকা দিশারীর প্রশ্নোত্তর পর্ব, তার গাইডলাইনের মধ্যে ছাত্ররা বুঝে নেওয়ার চেষ্টা করত RICE-এর পঠনপাঠন পদ্ধতিকে। তৈরি হয়েছে জীবিকা দিশারীর মধ্যে RICE EDUCATION-এর সঙ্গে গ্রামেগঞ্জে ছড়িয়ে থাকা আর্থিক দিক থেকে দুর্বল অথচ অনাবিল স্বপ্ন দেখা ছাত্র-ছাত্রীদের এক সেতু বন্ধন। আধুনিকতা ও পড়াশুনার মধ্যে দিয়ে কঠিন প্রতিযোগিতা পেরনোর পদ্ধতি খুঁজতে বসে জীবিকা দিশারী নতুনভাবে আত্মপ্রকাশের সিদ্ধান্তে এগিয়ে গিয়েছে। তাই জীবিকা দিশারীর অস্তিত্ব প্রকাশে পদ্ধতিগত পরিবর্তন আসছে যা আগামীদিনে ছাত্র-ছাত্রীদের আরও বেশি যুগের সাথে চাহিদা মিলিয়ে তাদের প্রয়োজনীয়তা ও সাফল্যের লক্ষ্যে পৌঁছনোর তীব্র ফোকাস যাতে আসতে পারে সেদিকে লক্ষ্য রেখেই জীবিকা দিশারীকে আগামীদিনে Digital Platform-এ বা Portal-এ পাওয়া যাবে। অগুন্তি পাঠক-পাঠিকারা জীবিকা দিশারীর এই প্রকাশনার নতুন পদ্ধতিতে মন খারাপ না করে যুগের সাথে তাল মিলিয়ে আধুনিকতাকে গ্রহণ করাই শিক্ষার অঙ্গ হিসাবে বিবেচনা করার জন্য সম্পাদক হিসাবে অনুরোধ করব।

## রাজ্য সিভিল সার্ভিস পরীক্ষা অনলাইন দরখাস্ত চলছে

ডব্লুবিসিএস (এগজিকিউটিভ) এটসেট্রা প্রিলিমিনারি ২০১৮-র জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। এই পরীক্ষাকে একটি কম্বাইন্ড কম্পিটিটিভ এগজামিনেশন হিসাবে পরিচালনা করা হবে, ৪টি গ্রুপের চাকরির জন্য চারটি স্বতন্ত্র ভাগে। এই পরীক্ষা সংক্রান্ত পিএসসির বিজ্ঞপ্তির নম্বর: ২৪/২০১৭। এই পরীক্ষার মাধ্যমে পশ্চিমবঙ্গের প্রশাসনিক শীর্ষপদগুলিতে এবারেও কয়েকশো অফিসার নিয়োগ করা হবে। এই প্রশাসনিক পদগুলি চারটি গ্রুপে বিভক্ত: এ, বি, সি, ডি। আবেদন করা যাবে এক বা একাধিক গ্রুপের জন্য, একই দরখাস্তে পছন্দক্রম জানিয়ে। মূল পর্বের পরীক্ষায় সফল হলে অবশ্য একটি পার্সোন্যালিটি টেস্টই হবে, আলাদা-আলাদা গ্রুপের জন্য আলাদা-আলাদা পার্সোন্যালিটি টেস্ট দিতে হবে না। ☛ ২ পাতায়

## সিডিএস পরীক্ষার মাধ্যমে পুরুষ-মহিলা ৪১৪ গ্র্যাজুয়েটকে ট্রেনিং সহ চাকরি

ভারতীয় স্থল, বিমান ও নৌবাহিনীতে ৪১৪ জন গ্র্যাজুয়েট তরুণ-তরুণীকে নিয়োগ করা হবে, বিভিন্ন কোর্সে ট্রেনিং দিয়ে। প্রার্থী বাছাই হবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস এগজামিনেশন (১), ২০১৮-র মাধ্যমে (এসএসসি উইমেন (নন-টেকনিক্যাল কোর্স) সহ)। আবেদন করতে হবে অনলাইনে। নিয়োগ হবে নিচের কোর্সগুলিতে ট্রেনিং দিয়ে। ☛ ১১ পাতায়

চাকরির সঙ্গে বিই কোর্স পড়িয়ে ডিগ্রি

## উচ্চমাধ্যমিকদের জন্য আর্মিতে ৯০

১০+২ টেকনিক্যাল এন্ট্রি স্কিমে (৩৯ নম্বর ব্যাচে) জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের বিই কোর্সে ট্রেনিং দিয়ে ৯০ জন তরুণ অফিসার নেবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ হবে পার্মানেন্ট কমিশনে। ☛ ৩ পাতায়

## দেশের ২৩টি আইআইটিতে ভর্তির জন্য জেইই (অ্যাডভান্সড) ২০১৮

এবারের জেইই (মেইন) পরীক্ষায় পেপার-ওয়ানে প্রথম ২,২৪০০০-এর মধ্যে স্থান পেয়েছেন তাঁরা জন্মতারিখ ১-১০-১৯৯৩ বা তার পরে হলে এবং নিচের শর্তগুলি পূরণ হলে জেইই (অ্যাডভান্সড) ২০১৮ পরীক্ষায় বসতে পারেন। এবারের পরীক্ষা পরিচালনা করবে আইআইটি কানপুর। এই পরীক্ষার স্কোরের মাধ্যমেই দেশের ২৩টি আইআইটি/সমতুল প্রতিষ্ঠানে ইঞ্জিনিয়ারিং, সায়েন্স বা আর্কিটেকচারের গ্র্যাজুয়েশনের ডিগ্রি কোর্সে ভর্তি করা হয়। তপশিলি ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীরা বয়সে ৫ বছরের ☛ ২ পাতায়

## উত্তর-পশ্চিম রেলে ১,১৬৪ অ্যাপ্রেন্টিস

উত্তর-পশ্চিম রেলে ১,১৬৪ জন অ্যাপ্রেন্টিস নিয়োগ করা হবে অ্যাপ্রেন্টিস অ্যাক্ট অনুযায়ী। অনলাইন আবেদন করতে হবে। নোটিস নম্বর: 04/2017 (NWR/AA) Date: 30.10.2017. প্রসঙ্গত, গত সপ্তাহের জীবিকী দিশারীতে বেরিয়েছে উত্তর-পূর্ব সীমান্ত রেল, লিলুয়া রেল কারখানা সহ ☛ ১১ পাতায়

## আইটিআই সার্টিফিকেটহীন কারিগরদের সরকারি চাকরির উপযুক্ত সার্টিফিকেট পাবার সুযোগ

যাঁরা অন্তত ৩ বছর ধরে কোথাও কোনো কারিগরি ট্রেডে কাজ করছেন কিন্তু কোনো আইটিআই/সমতুল প্রতিষ্ঠানে ট্রেনিং পাননি বা এনসিভিটি/এসসিভিটি সার্টিফিকেট নেই, তাঁরা এনসিভিটির সার্টিফিকেটের জন্য ২০১৮-র জানুয়ারির অল ইন্ডিয়া ট্রেড টেস্টে বসতে পারেন প্রাইভেট ক্যান্ডিডেট হিসাবে। ন্যাশনাল কাউন্সিল অব ভোকেশন্যাল ট্রেনিং আয়োজিত এই টেস্টে পাশ করলে ওপরের মতো ওই সার্টিফিকেট পাবেন এবং রেল বা অন্যান্য সরকারি চাকরিতে আবেদন করার যোগ্যতাও তৈরি হবে। এআইটিটির জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে, বিজ্ঞপ্তি নম্বর ST-64/2018/1921.

যে ট্রেডে কাজ করছেন সেই ট্রেডে আইটিআই ট্রেনিং নিতে গেলে য শিক্ষাগত যোগ্যতা লাগে (বেশিরভাগ ক্ষেত্রেই মাধ্যমিক ☛ ৩ পাতায়

পশ্চিমবঙ্গের বেসরকারি SBI Banking BPO / Reliance JIO ও Airtel 4G বাংলা কাস্টমার কেয়ার পরিষেবায় স্থায়ীপদে পঃবঃ-এর ২৩টি জেলা থেকে আরও 549 জন পুরুষ ও মহিলা প্রার্থীদের BPO তে সরাসরি নিয়োগ করা হচ্ছে।



শিক্ষাগত যোগ্যতা
মাধ্যমিক / উচ্চমাধ্যমিক ও স্নাতক।
বয়সসীমা: 18 - 37 বছর।

প্রার্থী নিয়োগ পদ্ধতি
প্রার্থী নিয়োগ করা হবে বাংলায় কথা বলার দক্ষতার উপর ভিত্তি করে।

প্রার্থীদের নামে রেজিস্ট্রেশন (আবেদন) করতে কোনও টাকা নেওয়া হয় না।

এছাড়াও চাকরী প্রার্থীদের জন্য অন্যান্য বিশেষ সুবিধা-
- বহিরাগত প্রার্থীদের থাকা খাওয়া ও কাজ করার সুবিধা আছে।
- প্রার্থীদের ফ্রিতে যাতায়াতের সুব্যবস্থা ও ইচ্ছামতো Shift-এ কাজ করার সুবিধা।
- প্রয়োজনে অনভিজ্ঞ প্রার্থীদের কাজ শিখিয়ে নেওয়া ব্যবস্থা আছে।

শীঘ্র Call করুন: 9002033880 / 9563533437 / 8420455516

Daily PDF Download: http://www.gksolve.com

Daily PDF Download: http://www.gksolve.com



# রাজ্য সিভিল সার্ভিস পরীক্ষা অনলাইন দরখাস্ত চলছে

☞ ১ পাতার পর

পরীক্ষার তিনটি ধাপ– প্রথম ধাপে প্রিলিমিনারি এগজামিনেশন ২৮ জানুয়ারি ২০১৮ তারিখে, সফল হলে দ্বিতীয় ধাপে মেইন এগজামিনেশন হবে ২০১৮-তেই, তাতেও সফল হলে তৃতীয় ধাপে পার্সোন্যালিটি টেস্ট। কেবলমাত্র পশ্চিমবঙ্গের প্রার্থীরাই সংরক্ষণের সুবিধা পাবেন।

**গ্রুপ ভিত্তিক পদের নাম ও বেতনক্রম:** (ক) গ্রুপ-এ– (১) ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এগজিকিউটিভ), ওয়েস্ট বেঙ্গল কমার্শিয়াল ট্যাক্স সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল এক্সাইজ সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল লেবার সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল ফুড অ্যান্ড সাপ্লাইজ সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট সার্ভিস (এমপ্লয়মেন্ট অফিসার- টেকনিক্যাল বাদে), ওয়েস্ট বেঙ্গল রেজিস্ট্রেশন অ্যান্ড স্ট্যাম্প রেভিনিউ সার্ভিস। উপরোক্ত পদগুলির বেতনক্রম পে ব্যান্ড ৪এ অনুযায়ী ১৫,৬০০-৪২,০০০টাকা। সঙ্গে গ্রেড পে ৫,৪০০ টাকা ও অন্যান্য ভাতা।

(খ) গ্রুপ-বি– ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিস। বেতনক্রম ১৫,৬০০ থেকে ৪২,০০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৫,৪০০টাকা ও অন্যান্য ভাতা।

(গ) গ্রুপ-সি– সুপারিনটেন্ডেন্ট, ডিস্ট্রিক্ট কারেকশনাল হোম/ ডেপুটি সুপারিনটেন্ডেন্ট, সেন্ট্রাল কারেকশনাল হোম, জয়েন্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসার, ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অব কনজিউমার অ্যাফেয়ার্স অ্যান্ড ফেয়ার বিজনেস প্র্যাক্টিসেস, ওয়েস্ট বেঙ্গল জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল সাবর্ডিনেট ল্যান্ড রেভিনিউ সার্ভিস, গ্রেড ওয়ান, অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স অফিসার, অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভিনিউ অফিসার (সেচ), চিফ কন্ট্রোলার অব কারেকশনাল সার্ভিসেস।

সুপারিনটেন্ডেন্ট, ডিস্ট্রিক্ট কারেকশনাল হোম/ ডেপুটি সুপারিনটেন্ডেন্ট, সেন্ট্রাল কারেকশনাল হোম-এর বেতনক্রম পে ব্যান্ড ৪ অনুযায়ী ৯,০০০- ৪০,৫০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৮০০ টাকা ও অন্যান্য ভাতা। অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভিনিউ অফিসার (সেচ), চিফ কন্ট্রোলার অব কারেকশনাল সার্ভিস পদগুলির বেতনক্রম পে ব্যান্ড ৪ অনুযায়ী ৯,০০০- ৪০,৫০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৪০০ টাকা ও অন্যান্য ভাতা। বাকি পদগুলির বেতনক্রম পে ব্যান্ড ৪ অনুযায়ী ৯,০০০-৪০,৫০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৭০০ টাকা ও অন্যান্য ভাতা।

(ঘ) গ্রুপ-ডি– ইনস্পেক্টর অব কো-অপারেটিভ সোসাইটিজ, পঞ্চায়েত ডেভেলপমেন্ট অফিসার (পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তরের অধীনে), রিহ্যাবিলিটেশন অফিসার (রিফিউজি রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন দপ্তরের অধীনে)। উপরেক্ত পদের বেতনক্রম পে ব্যান্ড ৩ অনুযায়ী ৭,১০০-৩৭,৬০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৩,৯০০ টাকা ও অন্যান্য ভাতা।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ব্যাচেলর ডিগ্রি। বাংলা লিখতে, পড়তে এবং বলতে পারতে হবে। দার্জিলিংয়ের পার্বত্য এলাকার প্রার্থী, দার্জিলিং সদর, কালিম্পং এবং কার্শিয়াংয়ের নেপালিভাষীদের ক্ষেত্রে ভাষার এই শর্ত প্রযোজ্য নয়।

**বয়সসীমা:** গ্রুপ এ, সি এবং ডি-র ক্ষেত্রে বয়স ১ জানুয়ারি, ২০১৮ তারিখ অনুযায়ী ২১ থেকে ৩৬ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ ২ জানুয়ারি, ১৯৮২-র আগে এবং ১ জানুয়ারি, ১৯৯৭-এর পরে হলে আবেদন করা যাবে না। গ্রুপ বি পদের ক্ষেত্রে বয়স ১ জানুয়ারি, ২০১৮ তারিখ অনুযায়ী ২০ থেকে ৩৬ বছরের মধ্যে হতে হবে অর্থাৎ জন্মতারিখ হওয়া চাই ২ জানুয়ারি, ১৯৮২ থেকে ১ জানুয়ারি, ১৯৯৮-এর মধ্যে।

রাজ্যের তপশিলি এবং ওবিসি প্রার্থীরা বয়সের উর্ধ্বসীমায় যথাক্রমে ৫ বছর এবং ৩ বছর ছাড় পাবেন। শারীরিক প্রতিবন্ধী প্রার্থীরা ৪৫ বছর বয়স পর্যন্ত আবেদন করতে পারবেন।

**প্রিলিমিনারি পরীক্ষার সেন্টার এবং কোড নম্বর:** কলকাতা (উত্তর)– ০১, কলকাতা (দক্ষিণ)– ০২, বারুইপুর– ০৩, ডায়মন্ডহারবার-০৪, ব্যারাকপুর– ০৫, বারাসাত– ০৬, হাওড়া– ০৭, বর্ধমান– ০৮, আসানসোল– ০৯, মেদিনীপুর– ১০, তমলুক– ১১, বাঁকুড়া– ১২, বহরমপুর– ১৩, মালদহ– ১৪, জলপাইগুড়ি– ১৫, আলিপুরদুয়ার-১৬, কোচবিহার– ১৭, শিলিগুড়ি– ১৮, কালিম্পং– ১৯, দার্জিলিং– ২০। দার্জিলিং সদর, মিরিক ও কার্সিয়াং– এই ৩ পার্বত্য মহকুমার প্রার্থীরা ও দার্জিলিং জেলার তপশিলি উপজাতি প্রার্থীরা দার্জিলিং কেন্দ্রে পরীক্ষা দিতে পারবেন। একইভাবে কেবল কালিম্পংয়ের সব প্রার্থীরা পরীক্ষা দিতে পারবেন কালিম্পং কেন্দ্রে। মূল পর্বের পরীক্ষা হবে কেবলমাত্র কলকাতায়, পার্সোন্যালিটি টেস্ট হবে পিএসসির অফিসে।

**গ্রুপ বাছাই:** একজন প্রার্থী একাধিক গ্রুপে আবেদন করতে চাইলে অগ্রাধিকার অনুযায়ী আবেদনপত্রে এ, বি, সি এবং ডি-র উল্লেখ করতে হবে। গ্রুপ-এ বা বি নির্বাচন করলে পরীক্ষার জন্য একটি অপশন্যাল বিষয়ও বাছতে হবে ড্রপডাউন তালিকা থেকে। গ্রুপ-সি বা ডি বাছলে কোনো অপশন্যাল বিষয় লাগবে না।

**পদভিত্তিক বিশেষ শর্ত:** (১) ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিস (গ্রুপ বি সার্ভিস)– পুরুষ প্রার্থীদের ন্যূনতম উচ্চতা হতে হবে ১.৬৫ মিটার। মহিলা প্রার্থীদের উচ্চতা কমপক্ষে ১.৫০ মিটার হওয়া চাই। গোর্খা, গাড়োয়ালি, অসমিয়া এবং উপজাতি প্রার্থীরা উচ্চতায় নিয়মানুযায়ী ছাড় পাবেন। গ্রুপ বি-তে আবেদনের ক্ষেত্রে আবেদনপত্রে নির্দিষ্ট জায়গায় উচ্চতা উল্লেখ করতে হবে। (২) অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভিনিউ অফিসার– গ্রামীণ এলাকায় কাজ করতে হবে। তহশিল এবং জেলা অফিসগুলিতেও যাতায়ত করতে হবে এবং এর জন্য একমাত্র ভরসা সাইকেল। (৩) ওয়েস্ট বেঙ্গল জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস– হোমে দৃষ্টিপ্রতিবন্ধী, মূক এবং শ্রবণ-প্রতিবন্ধীদের জন্য কাজ করতে হলে দৃষ্টিপ্রতিবন্ধী, মূক এবং শ্রবণ প্রতিবন্ধীদের প্রশিক্ষণ দেওয়ার ডিগ্রি/ ডিপ্লোমা/সার্টিফিকেট থাকা আবশ্যক। যদি কারও উপরোক্ত যোগ্যতা না থাকে সেক্ষেত্রে চাকরিতে যোগ দেওয়ার পর দৃষ্টিপ্রতিবন্ধী, মূক এবং শ্রবণ-প্রতিবন্ধীদের প্রশিক্ষণ দেওয়ার জন্য নির্দিষ্ট ট্রেনিং নেওয়ার শর্তে নিয়োগ করা হবে। এই পদের ক্ষেত্রে পুরুষ হোমের জন্য মহিলা প্রার্থীরা এবং মহিলা হোমের জন্য পুরুষ প্রার্থীরা বিবেচিত হবেন না। (৪) ওয়েস্ট বেঙ্গল সাবর্ডিনেট ল্যান্ড রেভিনিউ সার্ভিস, গ্রেড-ওয়ান– বাংলা ভাষায় কাজ করার দক্ষতা এবং বাংলা ভাষা লিখতে ও বলতে না পারলে এই পদে নিয়োগ করা হবে না। মাতৃভাষা নেপালি হয়ে থাকলে তাঁদের ক্ষেত্রে এই যোগ্যতা প্রযোজ্য নয় তবে সেক্ষেত্রে দু বছরের মধ্যে বাংলায় একটি ডিপার্টমেন্টাল পরীক্ষায় পাশ করতে হবে।

ওয়েস্ট বেঙ্গল সাবর্ডিনেট ল্যান্ড রেভিনিউ সার্ভিস, গ্রেড-ওয়ান পদের জন্য বাছাই প্রার্থীদের চাকরিতে নিয়োগের পর ছমাসের একটি ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিংয়ে যোগ না দিলে অথবা ট্রেনিং শেষে আয়োজিত পরীক্ষায় অনুত্তীর্ণ হলে বিনা নোটিসে চাকরি থেকে বরখাস্ত করা হতে পারে। বিশেষ প্রয়োজনে ট্রেনিংয়ের মেয়াদ বাড়াতে পারেন কর্তৃপক্ষ।

**আবেদনের ফি:** ২১০ টাকা, সঙ্গে সার্ভিস চার্জ– ডেবিট/ ক্রেডিট কার্ডে ফি দিলে মোট টাকার ১ শতাংশ কিন্তু মোট অন্তত ৫ টাকা + সার্ভিস চার্জ ও জিএসটি, ইন্টারনেট ব্যাঙ্কিং ব্যবস্থায় দিলে সার্ভিস চার্জ মোট ৫ টাকা, সরাসরি ব্যাঙ্কে গিয়ে নগদে (চালানের মাধ্যমে) দিলে সার্ভিস চার্জ লাগবে ২০ টাকা। তপশিলি (পশ্চিমবঙ্গের) এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের (অন্তত ৪০ শতাংশ ক্ষতিগ্রস্ত থাকলে) আবেদন ফি লাগবে না। সার্ভিস চার্জ প্রযোজ্য।

**আবেদন পদ্ধতি:** অনলাইন আবেদন করতে হবে। তবে কোনো পদের জন্য আবেদনের আগে www.pscwbonline.gov.in ওয়েবসাইটে গিয়ে হোম পেজের ওপরে বাঁদিকের প্যানেলে দেওয়া "ONE TIME REGISTRATION" স্কিম লিঙ্কে রেজিস্ট্রেশন করতে হবে। তারপর সেখানে প্রয়োজনীয় তথ্যাদি দেওয়ার পর নিজের ফটো ও সই স্ক্যান করিয়ে আপলোড করতে হবে। এই পর্বের রেজিস্ট্রেশন হয়ে গেলে নিজের অ্যাকাউন্টে ঢোকার পাসওয়ার্ড পাবেন। কমিশনের অন্য কোনো পরীক্ষার জন্য ইতিমধ্যেই "ONE TIME REGISTRATION" স্কিমে রেজিস্ট্রেশন করিয়ে থাকলে নতুন করে এসব করতে হবে না, পাসওয়ার্ড দিয়ে নিজের অ্যাকাউন্টে ঢুকলে আগে আপলোড করা ছবি-সই দেখা যাবে, প্রয়োজনে তা এডিট করাও যাবে। পাসওয়ার্ড ভুলে গেলেও সমস্যা সমাধানের ব্যবস্থা আছে।

**নির্দিষ্ট পদে আবেদনের পদ্ধতি:** "ONE TIME REGISTRATION" সফলভাবে সম্পন্ন হলে হোম পেজের ডানদিকে Candidates Corner Pane-এর অধীনে থাকা অ্যাকাউন্টের মধ্যে নিজের অ্যাকাউন্টে লগ ইন করতে হবে। লগ ইন অপশনে ক্লিক করলে নতুন একটি পেজ খুলবে যেখানে রেজিস্ট্রেশন আইডি এবং পাসওয়ার্ড দিয়ে লগ ইন করতে হবে। এরপরই পরীক্ষার তালিকা দেখতে পাবেন। নির্দিষ্ট অর্থাৎ ডব্লুবিসিএস পরীক্ষাটি বেছে নিয়ে সেটির 'Apply now' অপশনে ক্লিক করলে আবেদনপত্র পাওয়া যাবে। এর ছটি ধাপ আছে। প্রথমধাপে পরীক্ষা সম্পর্কিত গরুত্বপূর্ণ তথ্য, পরীক্ষা পদ্ধতি এবং সিলেবাস। প্রতিবার Next বাটন ক্লিক করে পরবর্তী ধাপে যাওয়া যাবে। দ্বিতীয় ধাপে নিজের সম্পর্কে প্রাথমিক তথ্য দিতে হবে যা ওয়ান টাইম রেজিস্ট্রেশনের সময় দিতে হয়েছিল। এছাড়া ছবি এবং স্বাক্ষর এডিট করতে পারেন। তৃতীয় ধাপে নিজের ঠিকানা নিশ্চিত করতে হবে। চতুর্থ ধাপে শিক্ষাগত যোগ্যতা এবং অন্যান্য যোগ্যতা (থেকে থাকলে) সংক্রান্ত তথ্য দিতে হবে। পঞ্চম ধাপে প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্র, বিষয় এবং ঐচ্ছিক বিষয়ের উল্লেখ করতে হবে। ষষ্ঠ ধাপে ফর্ম সাবমিট করতে হবে। যাঁদের ফি লাগবে না তাঁদের ক্ষেত্রে অনলাইন আবেদন প্রক্রিয়া এখানেই শেষ। দরখাস্ত করতে-করতে কখনই লগ-আউট না করে সরাসরি নেট বন্ধ করবেন না, তাতে বেশ অনির্দিষ্ট সময়ের জন্য সাইট বা অ্যাকাউন্ট লকড হয়ে যেতে পারে।

**ফি জমা দেওয়ার পদ্ধতি:** ফি জমা দিতে হবে ডেবিট/ ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং অথবা অফলাইনের ক্ষেত্রে পিএসসির ওয়েবসাইট থেকে ডাউনলোড করা চালান পূরণ করে সরাসরি ব্যাঙ্কে গিয়ে নগদে টাকা জমা দিয়ে। এক্ষেত্রে অনলাইন আবেদনপত্র সাবমিট করার পর অফলাইন পেমেন্ট মোডে ক্লিক করলে চালানটি পাওয়া যাবে। ফি জমা দিতে হবে চালান ডাউনলোড করার পরের দিন বেলা ১১টা থেকে ব্যাঙ্কের কাজের সময়ের মধ্যে, ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার কোনো শাখায়। ওয়েবসাইটে দেওয়া নির্দেশ অনুযায়ী। অফলাইনে কেবল একবারই চালান ডাউনলোড করা যাবে। ব্যাঙ্কে টাকা জমা দেওয়ার পরের বা তারও পরের কাজের দিন অনলাইনে দরখাস্ত সম্পূর্ণ হয়েছে বলে দেখা যাবে। অনলাইনে ফি দিলে মাঝপথে সাইট থেকে সরে আসবেন না, বা ব্যাক বাটন ক্লিক করবেন না।

প্রার্থীর বৈধ মোবাইল নম্বর থাকতে হবে (ইমেল বাঞ্ছনীয়)। অ্যাডমিট কার্ড, লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউ প্রার্থীদের এসএমএস অথবা মেল করে দেওয়া হবে।

চূড়ান্ত তালিকাভুক্ত প্রার্থীদের ডাক্তারি পরীক্ষা দিতে হবে। নির্দিষ্ট মেডিক্যাল বোর্ড প্রার্থীদের ফিটনেস সার্টিফিকেট দেবে।

**গুরুত্বপূর্ণ তারিখ:** অনলাইন আবেদন করা যাবে ৩০ নভেম্বর, ২০১৭ তারিখ (মধ্যরাত্র) পর্যন্ত। ফি জমা দেওয়ার শেষ তারিখ অনলাইনে ৩০ নভেম্বর, ২০১৭ এবং অফলাইনে ১ ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত।

**হেল্পলাইন নম্বর:** আবেদন সংক্রান্ত সাধারণ জিজ্ঞাসার জন্য যোগাযোগ করতে হবে এই নম্বরে– (০৩৩) ২৪১৯-৮১৮৫। অফলাইন ফি দেওয়ার ব্যাপারে কোনো জিজ্ঞাসা থাকলে যোগাযোগ করতে পারেন (০৩৩) ২২৬২-৪১৮১ নম্বরে। অনলাইন ফি দেওয়ার ব্যাপারে কোনো জিজ্ঞাসা থাকলে যোগাযোগ করতে হবে (০৩৩) ৪০০৩-৫১০৪ নম্বরে। যেকোনো কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৪টে পর্যন্ত এই সুবিধা পাওয়া যাবে।

বয়স, ফি জমা দেওয়ার পদ্ধতি, শিক্ষাগত যোগ্যতা সহ এ ব্যাপারে যাবতীয় তথ্য উপরোক্ত ওয়েবসাইটে পাওয়া যাবে।

২০১৮-র ডব্লু বিসিএস পরীক্ষা দিতে হবে গতবারের মতোই পরীক্ষার তিনটি ধাপ– প্রথম ধাপে প্রিলিমিনারি এগজামিনেশন, সফল হলে দ্বিতীয় ধাপ মেইন এগজামিনেশন, সফল হলে তৃতীয় ধাপে পার্সোন্যালিটি টেস্ট। পরীক্ষার সিলেবাস ও ধরন-ধারণ বিজ্ঞপ্তিতে জানানো হয়নি।

আর্জেন্ট ভ্যাকেন্সি
স্থায়ী চাকরি
জেলায় জেলায় টাওয়ার কোম্পানিতে কাজের জন্য কর্মী চাই।
যোগ্যতা অষ্টম – স্নাতক।
বেতন ১০৫০০ – ১৬৫০০।
M - 7872849742

DISCLAIMER
Jibika Dishari assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith

জীবিকা দিশারী
RICE TIMES
পাওয়া যাচ্ছে কলেজ স্ট্রিট রাইস স্টলে
ঠিকানা রাইস স্টল নং ৯, ব্লক নং ৬
বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিট
কোল- ৭০০০৭৩
যোগাযোগ :
৮০১৩৫৪৪৮৮০
৯৮৩৬০২৯২৮১,
৯৮৭৪০২২০১১
(সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা)

# আইআইটিতে ভর্তির জেইই (অ্যাডভান্সড)

☞ ১ পাতার পর

ছাড় পাবেন।

অন্যান্য শর্তগুলি হল: (১) ২০১৬ বা তার আগে জেইই (অ্যাডভান্সড) দিয়ে থাকলে হবে না। (২) উচ্চমাধ্যমিক/সমতুল পরীক্ষা প্রথমবার দিয়ে থাকতে হবে ২০১৭ বা ২০১৮ সালে। (৩) আগে কখনও কোনো আইআইটিতে ভর্তি যেন না হয়ে থাকেন।

আইআইটিগুলিতে পড়ানো হয় ৪ বছরের বিটেক ও বিএস কোর্স, ৫ বছরের বিআর্ক কোর্স, ৫ বছরের ডুয়াল ডিগ্রি (বিটেক-এমটেক এবং বিএস-এমএস), ৫ বছরের ইন্টিগ্রেটেড মাস্টার্স (এমটেক, এমএসসি, ডুয়াল ডিগ্রি)।

এই পরীক্ষার স্কোরের ভিত্তিতে আরও নানা জায় গায় ভর্তির সুযোগ পাওয়া যায়। আইআইটিগুলিতে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক/সমতুল পরীক্ষায় অন্তত ৭৫ (তপশিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৬৫) শতাংশ নম্বর এবং বোর্ডের মেধাতালিকায় ২০ পার্সেন্টাইল স্থানে থাকা চাই।

জেইই (অ্যাডভান্সড) পরীক্ষায় বসার জন্য অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে www.jeeadv.ac.in ওয়েবসাইটে। ইনফর্মেশন ব্রোশিওর ও সময়ে-সময়ে প্রয়োজনীয় আপলোডও পাওয়া যাবে ওই সাইটে। রেজিস্ট্রেশন ফি ভারতে বসবাসকারী মহিলা, তপশিলি ও প্রতিবন্ধী প্রার্থীদের ১,৩০০ টাকা, বাকি সবার ২,৬০০ টাকা। সঙ্গে যোগ হবে জিএসটি। অনাবাসী ও বিদেশিদের জন্য ফি অন্যরকম, সাইটে জানা যাবে। কম্পিউটার ভিত্তিক পরীক্ষা হবে, ২০ মে ২০১৮ তারিখে, রবিবার। দুই পেপারের পরীক্ষা, দুটিই বাধ্যতামূলক: পেপার-ওয়ান সকাল ৯টা থেকে বেলা ১২টা, পেপার-টু বেলা ২টো থেকে বিকেল ৫টা। প্রশ্ন হবে ইংরেজি ও হিন্দিতে, ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স বিষয়ে। দেশের বিভিন্ন শহরে পরীক্ষাকেন্দ্র হবে। ভর্তি করা হবে এই আইআইটিগুলিতে: খড়গপুর, ভুবনেশ্বর, ধানবাদ, গুয়াহাটি, পাটনা, ত্রিপুরা, বারাণসী, রুরকি, ভিলাই, বম্বে, দিল্লি, ধারওয়াদ, গান্ধীনগর, গোয়া, হায়দরাবাদ, ইন্দোর, জম্মু, যোধপুর, কানপুর, মাদ্রাজ, মান্ডি, পালাক্কাড়, রোপার।

জীবিকা দিশারীর যোগাযোগের ঠিকানা
সম্পাদকীয় দফতর - অ্যাডামাস নলেজ সিটি, ব্যারাকপুর রোড, বারাসাত, পিন - ৭০০১২৬
ফোন - ৮০১৭৯৯০০১৪(সময়-সকাল ১০টা - ৫টা)।
হেড অফিস - দিশারী ভবন, ১১/১, বি টি রোড, কলকাতা-৭০০০৫৬
কর্পোরেট অফিস- হট স্ট্রিট, ৩য় তল, ৮৬ এ, তপসিয়া রোড, কল - ৪৬
সার্কুলেশন-৯৮০৪২৫৩৩৫৯ বিজ্ঞাপন- ৮৪৭৯৯১৮০৫০, ৯৮৩০০৬০০৪৭(Whatsapp) ৮৪৭৯৯১৮০৪৯, ৯০০২১৮৭৪৬৩ (Whatsapp)
অনুমোদিত বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র-৮৯৬৭১০৫৪০৬ (পূর্ব ও পশ্চিমমেদিনীপুর)

Daily PDF Download: http://www.gksolve.com

Daily PDF Download: http://www.gksolve.com



# উচ্চমাধ্যমিকদের জন্য আর্মিতে ৯০

☞ ১ পাতার পর

ট্রেনিং শুরু হবে ২০১৮-র জুলাইয়ে। ৫ বছর ট্রেনিং চলবে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড দেওয়া হবে। আবেদন করতে হবে অনলাইনে। নিচের মতো যোগ্যতা, বয়স ও শারীরিক মানের অবিবাহিত তরুণরা আবেদন করতে পারেন।

**মোট শূন্যপদ:** ৯০টি। প্রয়োজনে এই সংখ্যার পরিবর্তন হতে পারে।

**শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় ১০+২ বা সমতুল পাশ, তবে ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স বিষয়ে গড়ে ৭০ শতাংশ নম্বর থাকতে হবে।

**বয়সসীমা:** কোর্স শুরুর মাসের এক তারিখের হিসাবে বয়স হতে হবে সাড়ে ১৬ থেকে সাড়ে ১৯ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ ১ জানুয়ারি ১৯৯৯ তারিখে বা তার পর থেকে ১ জানুয়ারি ২০০২ তারিখে বা তার আগে।

**শারীরিক মাপজোক:** প্রার্থীকে শারীরিক ও মানসিক ভাবে সুস্থ হতে হবে। ভালো স্বাস্থ্য থাকতে হবে। কোনোরকম শারীরিক ত্রুটি বা কম ওজনের লক্ষণ যেন না থাকে। ন্যূনতম উচ্চতা দরকার ১৫৭.৫ সেমি (উত্তর-পূর্বাঞ্চলের পার্বত্য অঞ্চলের বাসিন্দাদের ক্ষেত্রে ৫ সেমি ছাড় পাওয়া যাবে)। ওজন হতে হবে উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। যেমন ১৫৭ সেমি উচ্চতা থাকলে ১৬-১৭ বছর বয়সের প্রার্থীদের ওজন হতে হবে ৪৫ কেজি। ১৭-১৮ বছর বয়সের প্রার্থীদের ক্ষেত্রে ৪৭ কেজি। ১৮-১৯ বছর বয়সের প্রার্থীদের ক্ষেত্রে ৪৮ কেজি। ১৯-২০ বছর বয়সের প্রার্থীদের ৪৯ কেজি। উপযুক্ত বুকের ছাতি থাকতে হবে ও তা অন্তত ৫ সেমি ফোলাতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ৬/৬। মায়োপিয়া থাকলে তা ২.৫ ডায়প্টারের বেশি যেন না হয়। হাইপারমেট্রোপিয়া থাকলে তা ৩.৫ ডায়প্টারের বেশি হলে চলবে না। বাইনোকুলার ভিশন অর্থাৎ দুচোখে আলাদা-আলাদা ভাবে দেখার সমান ক্ষমতা থাকা চাই।

**ট্রেনিং:** মোট পাঁচ বছর ট্রেনিং চলবে। প্রথম বছরে বেসিক মিলিটারি ট্রেনিং হবে গোয়ার অফিসার ট্রেনিং অ্যাকাডেমিতে। টেকনিক্যাল ট্রেনিং হবে চার বছরের, দুটি ধাপে। ফেজ ওয়ানে প্রি-কমিশন ট্রেনিং তিন বছরের। এই ট্রেনিং চলবে সিএমই পুণে/ এমসিটিই মাউ/ এমসিইএমই সেকেন্দ্রাবাদে। এরপর ফেজ-টুতে পোস্ট কমিশন ট্রেনিং এক বছরের। উপরের কেন্দ্রগুলিতেই। ট্রেনিং শেষে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি দেওয়া হবে। ট্রেনিংয়ের বইপত্র সহ সমস্ত খরচ (সপ্তাহে ৮,৭৮৫ টাকা) সরকার বহন করবে। ট্রেনিং চলাকালীন বিয়ে করা যাবে না।

**প্রার্থী নির্বাচন:** সেনাবাহিনীর অন্যান্য নিয়োগের মতোই, প্রার্থী বাছাই করবে সার্ভিসেস সিলেকশন বোর্ড। প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের ইন্টারভিউয়ে ডাকা হবে। ফেব্রুয়ারি/ মার্চ নাগাদ ইন্টারভিউ হবে ভূপাল, বেঙ্গালুরু অথবা এলাহাবাদে। ইন্টারভিউ হবে পাঁচ দিনের। সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ নেওয়া হবে। প্রথম ধাপে সফল হলে দ্বিতীয় ধাপের পরীক্ষা দেওয়া যাবে। সফল না হলে ওইদিনই ফেরত পাঠিয়ে দেওয়া হবে।

**স্টাইপেন্ড:** ট্রেনিং চলাকালীন প্রতিমাসে স্টাইপেন্ড দেওয়া হবে। ৩ বছর ট্রেনিংয়ের পর স্টাইপেন্ড মাসে ৫৬,১০০ টাকা। চার বছর ট্রেনিং শেষ হওয়ার পর র‍্যাঙ্ক অনুযায়ী বেতন দেওয়া হবে। যেমন লেফটেন্যান্ট র‍্যাঙ্কের ক্ষেত্রে পে ব্যান্ড-৩ অনুযায়ী পে স্কেল অনুযায়ী ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। দুবছর পর ক্যাপ্টেন র‍্যাঙ্কে উন্নীত হলে ৬১,৩০০-১,৯৩,৯০০ টাকা। ভাতা ইত্যাদি পাবেন ৭ম বেতন কমিশনের নিয়ম অনুযায়ী।

**আবেদন পদ্ধতি:** আবেদন করতে হবে অনলাইনে www.joinindianarmy.nic.in ওয়েবসাইটের মাধ্যমে, সাইটে দেওয়া নির্দেশ অনুযায়ী। আবেদন করার আগে সমস্ত নিয়মাবলি বিস্তারিত পড়ে নেওয়া ভালো। সঠিক ভাবে পূরণ করা আবেদন পত্র সাবমিট করার পর একটি রোল নম্বর পাবেন। সেটি টুকে যত্ন করে রাখবেন। আবেদন সাবমিট করার পর তার দুটি প্রিন্ট-আউট নেবেন। এককপি প্রিন্ট-আউটের সঠিক জায়গায় সই করবেন ও নির্দিষ্ট জায়গায় গেজেটেড অফিসার দ্বারা প্রত্যয়িত এককপি পাসপোর্ট মাপের ছবি সাঁটিয়ে দেবেন। অনুরূপ ২০ কপি স্বপ্রত্যয়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সমস্ত নথিপত্র ও সেগুলির দুকপি করে গেজেটেড অফিসার দ্বারা প্রত্যয়িত ফটোকপি ইন্টারভিউয়ের সময় নিয়ে যেতে হবে। প্রিন্ট-আউটের একটি কপি প্রমাণপত্র হিসাবে প্রার্থীকে ফিরিয়ে দেওয়া হবে। অনলাইনে ২৯ নভেম্বর, ২০১৭ সকাল দশটা পর্যন্ত আবেদন করা যাবে।

# আইটিআই সার্টিফিকেটহীন কারিগরদের সরকারি চাকরির উপযুক্ত সার্টিফিকেট পাবার সুযোগ

☞ ১ পাতার পর

পাস, কিছু ট্রেডের ক্ষেত্রে এইট পাশ), এখানেও সেই শিক্ষাগত যোগ্যতা দরকার। অন্তত ৩ বছর ওই ট্রেডে কোনো কেন্দ্রীয়/রাজ্য সরকার বা পঞ্চায়েত/ পুরসভা ইত্যাদি স্থানীয় স্বায়ত্তশাসনের অনুমোদিত সংস্থায় বা অ্যাপ্রেন্টিস আইনে ট্রেনিং দেওয়ার এক্তিয়ারভুক্ত সংস্থায় কাজের অভিজ্ঞতা লাগবে। বয়স হতে হবে ১-১-২০১৮ তারিখে অন্তত ২০ বছর।

রাজ্য কারিগরি শিক্ষা পর্ষদের ওয়েবসাইট (http://wbscvt.net) থেকে দরখাস্তের ফর্ম ডাউনলোড করে তা পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্র সহ জমা দিতে হবে ১৫ নভেম্বর ২০১৭-র মধ্যে, কাজের দিনগুলিতে বেলা ১১টা থেকে বিকেল ৪টে পর্যন্ত। এই ঠিকানাগুলির একটিতে: ১. Office of the Director of Industrial Training, Karigari Bhavan, Opposite to UNI World City 2nd Floor, B/7, Action Area-III, New Town, Rajarhat, Kolkata-700160. ২. Office of the Jt Director of Industrial Training, Durgapur Regional Office, 3rd Administrative Buildings (3rd Floor), City Centre, Durgapur- 713216. ৩. Office of the Jt Director of Industrial Training, Siliguri Regional Office (ITI Siliguri Campus), 2nd Mile, Sevoke Road, PO Siliguri, Dist-Darjeeling, Pin- 734401.

দরখাস্ত বাছাইয়ের পর স্ক্রিনিং টেস্টে বসার জন্য সমস্ত যোগ্য প্রার্থীদের নামের তালিকা ওপরের ওয়েবসাইটে প্রকাশিত হবে ২২ নভেম্বর। সেই তালকায় নাম ওঠার পর সমস্ত মূল প্রমাণপত্র সঙ্গে নিয়ে গিয়ে পরীক্ষার ফি হিসাবে ৫০ টাকা জমা দিতে হবে ওপরে বলা ১ নং ঠিকানায় (রাজারহাট)। টাকা জমা দেওয়ার পর অ্যাডমিট কার্ড দেওয়া হবে ২৮-৩০ নভেম্বর, সময় বেলা ১১টা থেকে বিকেল ৪টে। পরীক্ষা হবে ৬-৭ ডিসেম্বর।

স্ক্রিনিং টেস্টে থাকবে প্র্যাক্টিক্যাল কম্পিটেন্সি টেস্ট, তার ফল ওয়েবসাইটে বেরোবে ১৪ ডিসেম্বর। সফল হলে ১৯ ডিসেম্বরের থিওরেটিক্যাল কম্পিটেন্সি টেস্টে বসার সুযোগ পাবেন, একই অ্যাডমিট কার্ডে। থিওরেটিক্যাল কম্পিটেন্সি টেস্টে থাকবে এমপ্লয়েবিলিটি স্কিল, ট্রেড থিওরি, তাছাড়াও ইঞ্জিনিয়ারিং ট্রেডগুলির পরীক্ষার্থীদের জন্য থাকবে ইঞ্জিনিয়ারিং ড্রইং ও ওয়ার্কশপ ক্যালকুলেশন অ্যান্ড সায়েন্স। থিওরেটিক্যাল পরীক্ষার ফল ওয়েবসাইটে বেরোবে ২৬ ডিসেম্বর।


## খোঁজ খবর

সাইজ ঃ ৩.৭ সেমি x ৫ সেমি

পলিটেকনিক
JEXPO / VOCLET
প্রশিক্ষণ ও গভঃ কলেজে চান্সের 100% গ্যারান্টি, নচেৎ কোর্স ফী ফেরত।
KPCI Govt. Regd. 9163511524
• বেলঘড়িয়া • বারাসাত • বর্ধমান • গড়িয়া • রিষড়া • ডানকুনি • কল্যাণী • রানাঘাট • কৃষ্ণনগর • তারকেশ্বর • কাটোয়া • খড়গপুর

KOUSHIK SIR'S
TARGET 2018 / NEW BATCHES
RAIL, CHSL, MTS, CGL & OTHERS
PERSONAL CARE FOR
MATH / GI / GK
ENGLISH
(Short Tigono) (Vocal Writing)
বাংলা/ইংরাজি মাধ্যমদের জন্য বিশেষ ব্যবস্থা
8981921114

Rail- প্রশিক্ষণ
JE, ALP, Tech. Group C & D
• বিগত পরীক্ষায় এখানকার প্রত্যেকে (500) সফল। সাকসেস রেকর্ড যাচাই করতে চাইলে 10 am to 5 pm এর মধ্যে আসবেন।
• এখানকার বিশেষত্ব হল এখানে সর্বমোট 500 জনকে প্রশিক্ষণ দেওয়া হয়। পরে একজনকেও বেশি ভর্তি নেওয়া হয় না।
The Railway Training Institute
Ph: 9163511524

B.Ed, M.Ed, D.L.Ed
2017-19 আর কয়েকদিন
GNM Nursing, D.Pharma,
ডিগ্রি ও মাস্টার ডিগ্রি করানো হয়।
H.O. Cont.: 8981214707
9433294493
মছলন্দপুর: 9732641717
ব্যারাকপুর: 9804410211
বর্ধমান: 7384311066
আরামবাগ: 9474062009
H.O. S.R. UDYOG
ঘড়ির মোড়, চুঁচুড়া, হুগলি
8420657379

G.N.M, B.Sc (নার্সিং)
বিনামূল্যে Admission (Bangalor)
B.Ed - 50 K (WB), D.EL.ED - 80 K, L.L.B, M.Ed, D.Pharma, পরিদর্শক - B.A-M.A, M.P-H.S পাশ করুন 55% - 60% নিয়ে
অল্প সময়ে কোর্স করুন (R.T.I,OK)
Hotel Management, BA/MA, ITI, B.Tech, M.Tech, B.Sc / M.Sc, BBA / MBA, B.Com / M.Com, BCA / MCA, Fire & Safety, Pol-Tech
ঘোষ এডুকেশন সেন্টার
কামারপুকুর (আরামবাগ) 7384377769
দমদম 7797314385
জলপাইগুড়ি 9681176207
পুরুলিয়া 7602019495
কাটোয়া 7074928589

নিশ্চিত সাফল্য
ADMISSION GOING ON
• B.A / B.Com / B.Sc
• M.A / M.Com / M.Sc
• LLB (5/3 Yrs) / LLM
• B.Ed / D.EL.Ed
• BBA / MBA
• B.Sc (Nursing)
• ANM / GNM
RISHI BANKIM
College Square
7890441596

SBI/RELIANCE JIO
VODAFONE-এর কেয়ারে
Inbound বাংলা প্রসেসে
M.P – M.A (18-36) জেলাভিত্তিক ছেলে মেয়ে চাই। অনভিজ্ঞ প্রার্থীদের কাজ শিখিয়ে নেওয়ার ব্যবস্থা আছে।
বেতন: INC + OT সহ 10,500/-
কৃষ্ণনগর: 7602222698
মুর্শিদাবাদ: 9735731399
বর্ধমান: 7098674910
ব্যারাকপুর: 8327531822

MP - Rabindra Mukta @ 6000/- with support
MP - NIOS attending @ 6500/- with support
MP - NIOS Non attending @ 14000/-
HS - Rabindra Mukta Attending @ 6500/- with support.
HS - NIOS Attending
[illegible]
100% Full Support • Pass Guaranty
OMKAR COLEGE
(MAGRA, HOOGHLY)
P: 18002741022
M: 9836266691

BENGAL LAW COLLEGE
SANTINIKETAN
Affiliated to University of Burdwan & approved by BCI (New Delhi)
ADMISSION GOING ON
Session Nov – Dec'17
3 years LLB (H)
45% in 10 + 2 + 3 (40% for SC&ST)
Mob : 9007030108 (10 am to 5 pm)
www.blcsantiniketan.org

ভর্তির বিজ্ঞপ্তি
Hotel Management
সিট সংখ্যা ২৫টা
যোগ্যতা - মাধ্যমিক পাশ
কোর্স শেষে সফল ছাত্র ও ছাত্রীদের বিদেশে/ দেশের ৫ স্টার হোটেলে নিশ্চিত চাকরি।
যোগাযোগ
7890 355 355
www.nainmindia.in

B.Ed. & D.El.Ed
Admission
Fee: Rs. 30,000 & Rs. 48,000 per year
NCTE Recognized, Under The University of Burdwan & W.B.B.P.E
College at: Birbhum, Burdwan & Bankura Dist.
Limited Seat
9734134789
7001996903

BSc (NURSING)
BHMS, BAMS, BUMS
ভর্তির জন্য প্রশিক্ষণ দিচ্ছে
BIOTECH GUIDANCE
JENPAUH 2018
এছাড়া ANM, GNM, BSc, MSc, Pharma, MBBS, BDS, Paramedical -এ সরাসরি ভর্তির সহায়তা।
বিস্তারিত জানতে/বুকিং করতে নাম, ঠিকানা, কোর্স SMS করুন।
PH: 8240565056

যোগাযোগ:
8479918049, 9002187463 (Whatsapp) / 8479918050, 9830060047 (Whatsapp)


Daily PDF Download: http://www.gksolve.com

Daily PDF Download: http://www.gksolve.com



# সবসময় টাটকা খবরে ভরা জীবিকা দিশারী এবার ওয়েবসাইটে

সেরা চাকরি বা কোর্সের খবর মানেই সবার আগে জীবিকা দিশারীতে। নিয়োগ সংক্রান্ত সরকারি পত্রিকাতেও সে-খবর বেরোয় অনেক পরে। নানা পরীক্ষার তারিখ ও ফল ঘোষণার গরম খবরও জীবিকা দিশারীতে। কিন্তু জীবিকা দিশারী প্রকাশিত হবার পরেও আমরা আরও নানা লোভনীয় খবরের হদিস পাই যা ছাপানোর জন্য অপেক্ষা করতে হয় পুরো একটি সপ্তাহ। কখনও-কখনও তাতে আবেদনের তারিখও ততদিনে পেরিয়ে যায়। তাই সব খবর সবসময় পাঠকদের হাতে টাটকা তুলে দেবার জন্য জীবিকা দিশারী এল অনলাইনে, শুধুই ইন্টারনেট সংস্করণ। আর এক সপ্তাহ বা একদিনও অপেক্ষা নয়, টাটকা খবর মানেই সঙ্গে-সঙ্গে জীবিকা দিশারীর ওয়েবপাতায়। সেখান থেকেই সরাসরি আবেদনের সুযোগ। থাকবে জানতে চাই, কেরিয়ার কাউন্সেলিং, পেশার দিশা, ছাত্রছাত্রীদে স্বাস্থ্য-পরামর্শ, আসন্ন পরীক্ষাগুলির প্র্যাক্টিস সেট, নানা পরীক্ষা ও পেশায় সফলদের পরামর্শ, একান্ত সাক্ষাৎকার ইত্যাদি সমস্ত নিয়মিত বিভাগ। জীবিকা দিশারীরর মুদ্রিত সংস্করণ এটিই শেষ, এবার থেকে শুধু ইন্টারনেট সংস্করণ। www.jibikadishari.co.in ওয়েবসাইটে।

# বিএড ডিগ্রিধারী প্রাথমিক শিক্ষকদের জন্য ৬ মাসের ডিএলএড ব্রিজ কোর্স

'প্রফেশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম ফর এলিমেন্টারি টিচার' সার্টিফিকেট কোর্সে অর্থাৎ বিএড ডিগ্রিধারী কর্মরত প্রাথমিক (প্রথম থেকে পঞ্চম) শিক্ষকদের জন্য ৬ মাসের ডিএলএড ব্রিজ কোর্সে ভর্তির অনলাইন দরখাস্ত নিচ্ছে ন্যাশনাল ইনস্টিটিউট অব ওপেন স্কুলিং। **শিক্ষাগত যোগ্যতা:** (১) এনসিটিই অনুমোদিত কোনো প্রতিষ্ঠান থেকে অবশ্যই বিএড পাশ হতে হবে। (২) অবশ্যই প্রথম থেকে পঞ্চম শ্রেণির নিয়মিত পদে শিক্ষকতায় নিযুক্ত (ইন সার্ভিস এলিমেন্টারি টিচার) থাকতে হবে। অর্থাৎ এই কোর্স কেবল বিএড ডিগ্রিধারী ওপরের মতো কর্মরত প্রাথমিক (প্রথম থেকে পঞ্চম) শিক্ষকদের জন্য। **কোর্সের সময়সীমা:** ৬ মাস। ১ জানুয়ারি ২০১৮ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত। **ফি:** কোর্স ফি ৫,০০০ টাকা এবং পরীক্ষার ফি– যে পেপারের জন্য যতবার সুযোগ নেবেন সেই অনুযায়ী প্রতি পেপারের প্রতি বারের জন্য ২৫০ টাকা করে। **আবেদন পদ্ধতি:** ন্যাশনাল ইনস্টিটিউট অব ওপেন স্কুলিংয়ের পোর্টালে (www. nios.ac.in বা http://dledbr.nios.ac.in) গিয়ে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। প্রয়োজনীয় নির্দেশাবলি ও অন্যান্য তথ্য ওয়েবসাইটে পাওয়া যাবে। **গুরুত্বপূর্ণ তারিখ:** অনলাইন রেজিস্ট্রেশন চলবে ৩০ নভেম্বর পর্যন্ত। আবেদনপত্রে তথ্যাবলি বিচার করে চূড়ান্ত রেজিস্ট্রেশন হবে ১ ডিসেম্বর থেকে ৩১ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত। পরীক্ষার ফি নেওয়া হবে ১ জুন ২০১৮ থেকে ১৫ জুন ২০১৮ পর্যন্ত। পরীক্ষা হবে জুলাই ২০১৮-র শেষ সপ্তাহে।

# দূরশিক্ষায় ইঞ্জিনিয়ারিং কোর্সে বৈধ্যতা নয়

নিজস্ব সংবাদদাতা: দূরশিক্ষার মাধ্যমে এবার থেকে কোনো ইঞ্জিনিয়ারিং বা প্রযুক্তিগত শিক্ষার কোর্স করা যাবে না। সুপ্রিম কোর্টের একটি রায়ে পরিষ্কার এই নির্দেশ দেওয়া হয়েছে।

দূরশিক্ষার বা করসপনডেন্ট কোর্সের মাধ্যমে আগে কিছু রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে ইঞ্জিনিয়ারিং কোর্স করানো হত। ইঞ্জিনিয়ারিং কোর্স করানো হত, এটা মনে রাখা দরকার যে ইঞ্জিনিয়ারিং মূলত প্র্যাকটিকাল বেসড পাঠক্রম। সেক্ষেত্রে যুক্তি দেখানো হয়েছে, এরকম ধরনের পঠন-পাঠন অর্থাৎ ইঞ্জিনিয়ারিং-এর মতো হাতে-কলমে শিক্ষার বিষয়বস্তুগুলিকে দূরশিক্ষার মাধ্যমে করা সম্ভব নয়। সেক্ষেত্রে দেশের কোন বিশ্ববিদ্যালয় আর দূরশিক্ষার মাধ্যমে ইঞ্জিনিয়ারিং-এর কোনো কোর্স করাতে পারবেন না বলে নির্দেশ দিয়েছে দেশের সর্বোচ্চ আদালত।

এর আগে পঞ্জাব ও হরিয়ানা হাইকোর্টে একটি মামলার রায়তে জানানো হয়েছিল, ডিসট্যান্স-এর মাধ্যমে যে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পাওয়া যাবে সেটা রেগুলার কোর্সের সমতুল হবে না। অন্যদিকে, আরেকটি রাজ্য ওড়িশা হাইকোর্ট অবশ্য নির্দেশ দেওয়া হয়েছিল ইঞ্জিনিয়ারিং-এর দূরশিক্ষার এবং রেগুলার দুটো কোর্স সমমানের হবে। এরপর মামলা সুপ্রিম কোর্ট গেলে গত সপ্তাহে মামলা সংক্রান্ত রায়ে জানিয়ে দেওয়া হয়েছে, দূরশিক্ষায় ইঞ্জিনিয়ারিং কোর্স করা যাবে না।

# ঘোষণা

## শিলিগুড়ি রেলের ফলাফল

শিলিগুড়ি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড-এর একটি বিজ্ঞপ্তি জানানো হয়েছে, বিজ্ঞপ্তি নম্বর CEN 03/2015 অনুযায়ী অ্যাপ্টিটিউড টেস্টের জন্য সফল প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়েছে। ওই বিজ্ঞপ্তি অনুযায়ী নন-টেকনিকাল পপুলার ক্যাটেগরি প্রার্থীদের ১৭ জানুয়ারি, ২০১৭ থেকে ১৯ জানুয়ারি, ২০১৭ তারিখ পর্যন্ত কম্পিউটার বেসড টেস্ট নেওয়া হয়েছিল। সমস্ত সফল প্রার্থী রোল নম্বরের তালিকা ওয়েবসাইটে আপলোড করে দেওয়া হয়েছে। ফলাফল জানানো হয়েছে ওয়েবসাইটে। http://www.rrbsiliguri.org/।

# জানতে চাই

চাকরির পরীক্ষার পদ্ধতি থেকে আবেদনপত্র লেখার পদ্ধতি, যোগ্যতা, পাঠ্যসূচি, প্রস্তুতির সমস্ত খুঁটিনাটি প্রশ্নের জবাব দিতে প্রস্তুত 'জীবিকা দিশারী'।

**প্রশ্ন: মাধ্যমিকে ৯১ শতাংশ এবং উচ্চমাধ্যমিকে বিজ্ঞান শাখায় ৮৮ শতাংশ নম্বর নিয়ে পাশ করেছি। এরপর সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজে মেকানিকাল ইঞ্জিনিয়ারিং শাখায় পড়ছি, কিন্তু আমার একটা সরকারি চাকরি খুব দরকার। কবে, কখন কী ধরনের চাকরির বিজ্ঞপ্তি বের হবে সেটা জানালে খুব উপকৃত হব। – সেখ আসাদুল হক, ই-মেল মারফত প্রশ্ন।**

উত্তর: এই সমস্ত সরকারি চাকরির খবরগুলোই নিয়মিত জীবিকা দিশারীতে দেওয়া হয়। সেগুলি লক্ষ্য রাখুন এবং আপনার যোগ্যতা অনুযায়ী সরকারি চাকরির জন্য আবেদন করতে তৎপর হোন।

**প্রশ্ন: আমি গ্রুপ ডির আবেদন পত্র পূরণের সময় স্থায়ী ঠিকানা এবং বর্তমান ঠিকানা ভুলবশত এক করে ফেলেছি। এর জন্য ইন্টারভিউয়ের সময় কি খুব অসুবিধা হবে?– বাপান সিংহ, কৃষ্ণপল্লী, নদিয়া।**

উত্তর: না, এই কারণগুলির জন্য খুব একটা অসুবিধা হয় না।

**প্রশ্ন: রেলের টিকিট চেকার, কমার্শিয়াল ক্লার্ক, লোয়ার ডিভিশন ক্লার্কের পরীক্ষা কবে হবে?– তরুণ সিং, ই-মেল মারফত প্রশ্ন।**

উত্তর: তারিখ ঘোষিত হলেই জীবিকা দিশারীতে জানানো হবে।

**প্রশ্ন: আমি রেলে চাকরি করি, আমি যদি রাজ্য সরকারের কোনো চাকরিতে নিযুক্ত হই, তাহলে আমার প্রভিডেন্ট ফান্ডে কোনো অসুবিধা হবে, পিএফ নম্বর কি পরিবর্তন হবে?– চন্দন কুমার মাহাতো, ই-মেল মারফত প্রশ্ন।**

উত্তর: পিএফ নম্বরে পরিবর্তন হবে, তবে অসুবিধার কোনো বিষয় নেই।

**প্রশ্ন: ইগনু থেকে পোস্ট গ্র্যাজুয়েশন করলে কি নেট পরীক্ষা দেওয়া যাবে?– সযুক্ত আচার্য, ই-মেল মারফত প্রশ্ন।**

উত্তর: হ্যাঁ, দেওয়া যাবে।

**প্রশ্ন: আমি মুর্শিদাবাদ গ্রাম পঞ্চায়েত কর্মী নোটিফিকেশন 1834/P&RD-এর জন্য আবেদন করেছি, কিন্তু রেজিস্ট্রেশনটার প্রিন্ট-আউট নেওয়া হয়নি। কী করে প্রিন্ট-আউট নেওয়া যাবে?– সুবল দাস, মুর্শিদাবাদ।**

উত্তর: সরাসরি তাদের সঙ্গে যোগাযোগ করুন পরামর্শের জন্য।

**প্রশ্ন: ওপেন স্কুল থেকে বিজ্ঞান শাখায় একাদশ, দ্বাদশ শ্রেণিতে পড়ে কি এনইইটি মেডিক্যাল জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা দেওয়া সম্ভব?– পার্থ পাল, নদিয়া।**

উত্তর: অনুমোদিত স্কুল থেকে পড়লে দেওয়া যাবে।

**প্রশ্ন: আমি ২০১৭ গ্র্যাজুয়েশন করেছি। ইউপিএসসি সিভিল সার্ভিস এবং ডব্লুবিসিএস-এর বিস্তারিত সিলেবাস কীভাবে পাব?– দীপ সরকার, হাওড়া।**

উত্তর: এই সমস্ত পরীক্ষাগুলোর বিজ্ঞপ্তি যখন প্রকাশিত হয়, তখনই সিলেবাস ওয়েবসাইটে দিয়ে দেওয়া হয়। আপনি গুগল সার্চ করেও সংশ্লিষ্ট ওয়েবসাইট থেকে পেতে পারেন।

**প্রশ্ন: ইস্টার্ন রেলওয়ে ওয়ার্কশপ অ্যাপ্রেন্টিস নেওয়া হচ্ছে, সেটা কি আমি সব ডিভিশনে আবেদন করতে পারব?– বাপী রায়, ই-মেল মারফত প্রশ্ন।**

উত্তর: একজন প্রার্থী একটি ট্রেড বা ডিভিশনের জন্য আবেদন করতে পারেন।

**প্রশ্ন: কল্যাণী বিশ্ববিদ্যালয় থেকে ১ বছরের বিএড কোর্স করেছি। বিএড কোর্সটি দিয়ে পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণির পরীক্ষা দিতে পারব। এখন আমি যদি প্রাইমারি পরীক্ষা দিতে চাই, তাহলে কি বিএড-এর সঙ্গে কোনো ব্রিজ কোর্স করা যায় যেটা ডিএড-এর সমতুল হবে?– তরুণ মণ্ডল, পুলকেন্দু মণ্ডল, রক্তিম প্রামাণিক, ত্রিশান মণ্ডল, তেহট্ট, নদিয়া।**

উত্তর: এঁদের ক্ষেত্রে ৬ মাসের এলিমেন্টারি এডুকেশন সার্টিফিকেট দরকার হয়। তবে এটা ইন-সার্ভিস প্রোগ্রামে করতে হয়, বাইরে থেকে করার ব্যবস্থার কথা জানা নেই।

**প্রশ্ন: আমি স্নাতক কোর্স উত্তীর্ণ, পশ্চিমবঙ্গ সরকারের গ্রুপ ডি পরীক্ষা সফল হয়েছি। ইন্টারভিউয়ের সময় কি অষ্টম শ্রেণি পাস সার্টিফিকেট প্রয়োজন হবে?– গণেশ দাস, ই-মেল মারফত প্রশ্ন।**

উত্তর: ইন্টারভিউ এবং ডকুমেন্ট ভেরিফিকেশনের সময় দরকার।

**প্রশ্ন: ইউনিভার্সিটির সার্টিফিকেট যে ঠিক সেটা যাচাই করার শ্রেষ্ঠ উপায় কী?– তপন ব্যানার্জি, ই-মেল মারফত প্রশ্ন।**

উত্তর: ইউজিসি অনুমোদিত ইউনিভার্সিটিতে নিয়ম মেনে পড়লে তবেই সেই ইউনিভার্সিটি থেকে প্রাপ্ত সার্টিফিকেটই সব জায়গায় গ্রাহ্য হবে। ইউজিসির ওয়েবসাইটেই জানা যায় 'বিশ্ববিদ্যালয়'টি অনুমোদিত কিনা। ইউজিসিকে লিখেও সার্টিফিকেট যাচাই করতে পারেন।

**প্রশ্ন: যাদবপুর ইউনিভার্সিটির পিওন পদের পরীক্ষার ফলাফল কবে বের হবে?– অমিত জোয়ারদার, ই-মেল মারফত প্রশ্ন।**

উত্তর: http://www.jaduniv.edu.in/ ইউনিভার্সিটি ওয়েবসাইট চেক করে নিতে পারেন।

**প্রশ্ন পাঠানোর ঠিকানা:**
ADAMAS KNOWLEDGE CITY,
Barrackpur Road, Barasat, Pin- 700126
পোস্টকার্ডের উপর লিখবেন-
JANTE CHAI, JIBIKA DISHARI
ই-মেল আইডি-
jantechai.jibikadishari@gmail.com

Daily PDF Download: http://www.gksolve.com

Daily PDF Download: http://www.gksolve.com

# শিক্ষা দিশারী

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক,
জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার্থীদের জন্য

JIBIKA DISHARI Vol.7 Issue 48
12 November 2017 - 18 November 2017



চাকরি নিয়ে ধোঁয়াশা, সুস্পষ্ট ধারণার অভাব, কেরিয়ার সংক্রান্ত যেকোনো সমস্যা জানাও জীবিকা দিশারীকে। সমাধানের পথ দেখাতে সাহায্য করছেন কাউন্সেলর অনির্বাণ ভট্টাচার্য। পাঠকরা প্রশ্নের সঙ্গে অবশ্যই তাঁদের নাম এবং ঠিকানা/বাসস্থান/জেলার নাম উল্লেখ করবেন। প্রশ্ন পাঠানোর জন্য ই-মেল আইডি – rice.shikhadishari@gmail.com। পোস্টাল ঠিকানা - ADAMAS KNOWLEDGE CITY, Administrative Building, Jibika Dishari Section, Barrackpore Road, Barasat, Pin - 700126।

## কেরিয়ার কাউন্সেলিং

**প্রশ্ন: আমি বাংলায় এমএ, বিএড করেছি। বর্তমানে দূরশিক্ষায় এডুকেশন নিয়ে এমএ করছি, চূড়ান্ত বর্ষ চলছে। কম্পিউটার নিয়ে ডিপ্লোমা কোর্সটিও করা আছে। এসএসসি ছাড়া আর কী ধরনের চাকরির সুযোগ রয়েছে আমার যোগ্যতায়?— তন্ময় ব্যানার্জি, পশ্চিম মেদিনীপুর।**

উত্তর: রেগুলার কোর্স বা দূরশিক্ষায় পড়াশুনা করলে বিশ্ববিদ্যালয়টি যদি ইউজিসি অনুমোদিত হয়, কোনো সমস্যা থাকে না। তুমি যেহেতু এডুকেশন নিয়ে পড়েছো, অনেক পরীক্ষাতেই বসার সুযোগ পাবে। যেমন বিদ্যালয় পরিদর্শকের চাকরি বা শিক্ষা দপ্তরে বিভিন্ন বিভাগে চাকরি। তবে স্কুল ইনস্পেক্টর নিয়োগ জাতীয় পরীক্ষা নিয়ে থাকে পিএসসি। পিএসসি পরিচালিত বিগত বছরের প্রশ্নপত্র সম্বলিত বই উল্টেপাল্টে দেখতে পারো। সঠিক ধারণা জন্মাবে। তবে ইদানীং এই ধরনের বেশ কিছু পরীক্ষাতেই অ্যাডহক বেসিস বা কনসলিডেটেড পেমেন্ট বেসিসে নিয়োগ হচ্ছে। তাই বিজ্ঞাপন দেখে আবেদন করো। আর কম্পিউটার দক্ষতা থাকলে খুব ভালো। আমার মনে হয় পিএসসি দিয়ে সরকারি স্তরে চাকরি করাটাই খুব ভালো। তুমি আগে ভেবে নাও কোন চাকরিতে তুমি বেশি স্বচ্ছন্দ্য বোধ করবে। তারপর সিদ্ধান্ত নাও। আর নিয়মিত অনুশীলন করলে তুমি অনেকদূর এগোতে পারবে।

**প্রশ্ন: কেন্দ্রীয় বিদ্যালয় থেকে ৮৯.৩ শতাংশ নম্বর নিয়ে দশম শ্রেণি পাশ করেছি। ওই একই স্কুল থেকে ৭৫ শতাংশ নম্বর নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করেছি। সাধারণ গ্র্যাজুয়েশন, ইঞ্জিনিয়ারিং এবং মেডিক্যাল ছাড়া অন্যক্ষেত্রে কি ভালো সুযোগ পাওয়া যেতে পারে, সরকারি হোক বা বেসরকারি?— রিয়া সাহা, নিউ আলিপুর।**

উত্তর : তুমি একটা গুরুত্বপূর্ণ কথাই উল্লেখ করোনি। তুমি কোন স্ট্রিম নিয়ে প্লাস টু প্লাস করেছো, সেটা বলা নেই। তবে বিজ্ঞানের বিষয় নিয়ে এগোতে চাইছো যখন, ধরেই নিচ্ছি তুমি সায়েন্স নিয়ে পড়াশুনা করেছো। ইঞ্জিনিয়ারিং বা মেডিক্যাল ছাড়াও অনেক বিষয় আছে, যেগুলো নিয়ে এগিয়ে যাওয়া যায়। তুমি কোর বিষয় নিয়ে পড়ো, তাহলে একটু সময় লাগলেও অনেক নতুন-নতুন বিষয় নিয়ে কেরিয়ার শুরু করতে পারবে। মাল্টিমিডিয়া, মাস কম, ব্রডকাস্টিং টেকনিশিয়ান হিসেবে কেরিয়ার শুরু করতে পারো। হতে পারে প্যারামেডিক স্টাফ বা অ্যাসিস্ট্যান্ট। যদি ভালো লাগে বিভিন্ন ল্যাব অ্যাসিস্ট্যান্ট হিসেবে চাকরি পেতে পারো। এছাড়া এনভায়রনমেন্ট সায়েন্স নিয়ে এগোতে পারো। ভারতে এ ধরনের কোর সাবজেক্ট নিয়ে পড়ার পর বেশ কিছু ইন্সটিটিউট আছে যারা অ্যাডভাসন্ড স্টাডি করায়। বিটেক, এমটেকও করতে পারো। এর বাইরে এমসিএ-এর মতো পথও খোলা রয়েছে।

> মাল্টিমিডিয়া, মাস কম, ব্রডকাস্টিং টেকনিশিয়ান হিসেবে কেরিয়ার শুরু করতে পারো। হতে পারে প্যারামেডিক স্টাফ বা অ্যাসিস্ট্যান্ট। যদি ভালো লাগে বিভিন্ন ল্যাব অ্যাসিস্ট্যান্ট হিসেবে চাকরি পেতে পারো। এছাড়া এনভায়রনমেন্ট সায়েন্স নিয়ে এগোতে পারো। ভারতে এ ধরনের কোর সাবজেক্ট নিয়ে পড়ার পর বেশ কিছু ইন্সটিটিউট আছে যারা অ্যাডভাসন্ড স্টাডি করায়। বিটেক, এমটেকও করতে পারো।

**প্রশ্ন: ২০১৭-তে বিএ জেনারেল পাশ করেছি। আমার জেনারেল ক্যাটেগরি এবং ২১ বছর বয়স। এক বছরের কম্পিউটার ডিপ্লোমা কোর্স করেছি। আমার আইটিআই করার খুব ইচ্ছা ছিল কিন্তু সুযোগ পাইনি। এখন সরকারি চাকরির জন্য একজন শিক্ষকের কাছে প্রস্তুতি নিচ্ছি, কোনো প্রতিষ্ঠানে ভর্তি হওয়া সম্ভব না। গ্রুপ ডি পরীক্ষায় সফল হইনি, আরও একটা-দুটো পরীক্ষা দিয়েছি, সফল হইনি। মাঝে মধ্যে খুব হতাশ, ভয় লাগে। কী করব?— সৌরভ সাহা, কল্যাণী, নদিয়া।**

উত্তর : শুনেছো বোধহয়, ডব্লুবিসিএস পরীক্ষায় বয়সসীমার একটা পরিবর্তন হয়েছে। সে কারণেই তুমি তোমার লক্ষ্যটা আর একটু উঁচুতে রাখো। নিজের পরিধিটা একটু বাড়াও। জেনারেল ক্যাটেগরির জন্য অসুবিধা হচ্ছে এরকমটা ভাবাও উচিত নয়। শুধু নির্দিষ্ট কয়েকটি পরীক্ষার মুখাপেক্ষী হয়ে থাকলে হবে না। ছোটো-খাটো খবরের কাগজ, ম্যাগাজিন খুঁটিয়ে পড়ো। তোমার সহপাঠী বন্ধুদের সঙ্গে নানা বিষয় নিয়ে আলোচনা করো। দেখবে জেনারেল নলেজ এবং অ্যাওয়ারনেস বিষয়ে যত শক্ত হতে পারবে, তত বেশি আত্মবিশ্বাসী হবে। যদি তুমি মেধাবী এবং পরিশ্রমী হও, তাহলে অর্থনৈতিক বাধাটা কোনও সমস্যা থাকবে না। ফলে এরকম কোনো সমস্যা যদি না থাকে তাহলে শুধু ভয় করে বা হতাশ থেকে সময় নষ্ট কোরো না।

RICE TIMES
November' 17
Do We Really Need to Cultivate Life Skills?




Now Available at your nearest newsstand
For availability contact 9836029281
email: info.ricetimes@gmail.com

বাংলায় প্রথম সরকারি চাকরির গাইড বুক

লক্ষ্য সরকারি চাকরি
এবার জেলাতেও




প্রাপ্তি স্থান
কলকাতায় কলেজ স্ট্রিট বইপাড়ায়
রাইস স্টল নং ৯, ব্লক নং ৬
বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিট
কোলকাতা- ৭০০০৭৩
(ইউনিভার্সিটি ইনস্টিটিউট হলের মেন গেটের ঠিক বিপরীতে)

বিশেষ ছাড়
জেলার বই বিক্রেতা ও এজেন্সিরা যোগাযোগ করতে পারেন। এজেন্টদের জন্য।

আরও প্রাপ্তি স্থানঃ কলকাতা - **Prapti Publisher**, College St., ✆ 9804648130 **Joyosree Competitive Book Center**, College St., ✆ 9735608728 **Book Junction**, College St., ✆ 8013994107 **Som Enterprise**, Decker's lane, ✆ 9831905550 হাওড়া - **Parui Pustakalaya**, Uluberia, Howrah, ✆ 9143283546 উত্তর ২৪ পরগণা- **Book Junction**, Madhyamgram, ✆ 8013994107 **Sindrani**, Bagda, North 24 PGS, ✆ 9732639099 নদিয়া- **Nikhil Roy**, Krishna Nagar, ✆ 9434450509 **Tapan Sarkar**, Ranaghat, ✆ 9474420792 **Purna Ch Datta**, Tehatta, ✆ 9732853975 বীরভূম- **Majumder Book Stall**, Bolpur, ✆ 9732165422 **Bodhisatta Mandal**, Suri, ✆ 9434210448 পশ্চিম মেদিনীপুর-**Sikhyangan**, Kharikamathani, West Midnapur, ✆ 9932778589. নবদ্বীপ- **Bubul Biswas**, ✆ 9333628189 / 8372016126 রামপুরহাট- **Susanto Das(Bapi)**, ✆ 9832282510 আলিপুরদুয়ার - **Biswajit Debnath**, ✆ 9434204597 বোলপুর - **Pradip Goswami**, ✆ 9474832766 সাঁইথিয়া - **Ajoy Ghosh**, ✆ 03462262303 উলামবাজার - **Bivash pal**, ✆ 8900398401 লাভপুর - **Babli Deb Burman**, ✆ 9474632750 মল্লারপুর - **Soumen Sutradhar**, ✆ 9002132745 নলহাটি - **Goutam Mukherjee**, ✆ 9564603447

যোগাযোগ : ৮০১৩৫৪৪৮৮০ ৯৮৩৬০২৯২৮১, ৯৮৭৪০২২০১১
(সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা)

Daily PDF Download: http://www.gksolve.com

Daily PDF Download: http://www.gksolve.com



# শ্রেণিকক্ষ

# CHEMISTRY

## JEE MAIN

**1. The number of geometrical isomers of $CH_3CH=CH-CH=CH-CH=CHCl$ is**
(a) 4 (b) 6 (c) 8 (d) 10
Ans. (c)

**2. The number of isomer possible for $C_7H_8O$ is**
(a) 3 (b) 4 (c) 5 (d) 6
Ans. (c)

**3. The two optical isomers given here are**



(a) enantiomers (b) geometrical isomers
(c) structural isomers (d) diastereomers
Ans. (d)

**4. The IUPAC name of**



(a) 2-ethyl-3 methylbutanoyl chloride
(b) 2, 3-dimethylpentanoyl chloride
(c) 3, 4-dimethylpentanoyl chloride
(d) 1-chloro—oxo-2, 3-dimethlpentane
Ans. (b)

**5. Rank the following compounds in order of increasing acidity**



(a) 2 < 3 < 1 < 4 (b) 1 < 2 < 3 < 4
(c) 3 < 1 < 2 < 4 (d) 2 < 4 < 1 < 3
Ans. (d)

**6. Consider the following carbocations and arranged them in the increasing order of their stability.**



(a) 5 < 2 < 3 < 4 < 1 (b) 5 < 3 < 2 < 4 < 1
(c) 5 < 1 < 2 < 4 < 3 (d) 3 < 2 < 4 < 1 < 5
Ans. (a)

**7. Arrange the following amines in the order of their decreasing basicity. Justify your answer.**



(a) 3 > 1 > 5 > 4 > 2 (b) 3 > 5 > 1 > 4 > 2
(c) 3 > 4 > 1 > 5 > 2 (d) 3 > 1 > 5 > 2 > 4
Ans. (b)

**8. In the following compounds, the order of basicity is:**



(a) I > IV > II > III (b) II > I > IV > III
(c) III > I > IV > II (d) IV > I > III > II
Ans. (a)

**9. Observe the following reaction and predict the nature of (a) and (b)**



(a)



(b)



(c) Both A and B are



(d) Both A and B are



Ans. (a)

**10. When 2-methylbutane is chlorinated, the percentage of $(CH_3)_2CH-CH_2-CH_2Cl$ is nearly assuming reactivity ration of 3°H : 2°H : 1°H = 5 : 3. 8 : 2.**
(a) 28% (b) 35% (c) 23% (d) 14%
Ans. (d) Chlorination of 2-methylbutane gives four mono-chlorinated products.

$CH_3-CH(CH_3)-CH_2CH_3 + Cl_2 \longrightarrow$

$CH_2Cl-CH(CH_3)-CH_2-CH_3$

$+ CH_3-CCl(CH_3)-CH_2-CH_3$

$+ CH_3-CH(CH_3)-CHCl-CH_3$

$+ CH_3-CH(CH_3)-CH_2-CH_2Cl$

The reactivity into of 3°H : 2°H : 1°H towards chlorination is 5 : 3 : 8 : 1

Percentage of D $= \frac{3}{31.6} \times 100 = 14\%$

**11. The heat of hydrogenation of benzene is 51 kcal/mol and its resonance energy is 36 kcal/mol. Then the heats of hydrogenation of cyclohexadiene and cyclohexene are respectively**
(a) 58 kcal, 29 kcal (b) 28 kcal, 59 kcal
(c) 58 kcal, 49 kcal (d) 29 kcal, 48 kcal
Ans. (a) Expected heat of hydrogenation of cyclohexatriene = 51 + 36 = 87 kcal
Hence heat of hydrogenation of cyclohexen = 29 kcal/mol
Heat of hydrogenation of cyclohexadiene = 2×29 = 58 kcal/mol

## ORGANIC

**12.**  **on reaction with NBS in $CCl_4$ solvent gives the major product**



Ans. (d)



Resonance stabilized free radical

Major product

**13. $Ph-C\equiv C-CH_3 + H_2O \xrightarrow[H_2SO_4]{HgSO_4}$**



Ans. (b)

**14.**



Product (P) is:



Ans. (d)

**15. The product of the reaction given below is**





Ans. (d)

**16. The product (X) of the following reaction is**





Ans. (c)



Daily PDF Download: http://www.gksolve.com

Daily PDF Download: http://www.gksolve.com



পরীক্ষা প্রস্তুতি

# কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস নিয়োগের পরীক্ষা

**এসংখ্যায় ৩০ টি প্রশ্ন, সময় ৩৬ মিনিট। উত্তরমালা চাপা দিয়ে নিজেকে পরীক্ষা করুন।**

**ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি, ন্যাভাল অ্যাকাডেমি, এয়ারফোর্স অ্যাকাডেমিতে ৪১৪ জন স্নাতক তরুণ-তরুণী নিয়োগ করা হবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে।**

পরীক্ষা হয় তিনটি ভাগে। প্রথম ভাগে ইংরেজি বিষয়ের উপর ১০০ নম্বরের প্রশ্ন থাকে। দ্বিতীয় ভাগে ১০০ নম্বরের জেনারেল নলেজ। তৃতীয় ভাগে ১০০ নম্বরের এলিমেন্টারি ম্যাথমেটিক্স। দুঘন্টা করে মোট ছঘন্টা সময়। লেখা পরীক্ষায় উত্তীর্ণ হলে পার্সোন্যালিটি টেস্ট। বিস্তারিত জানা যাবে ইউপিএসসি-র ওয়েবসাইটে। যাঁরা এবারের পরীক্ষার জন্য আবেদন করেছেন বা ভবিষ্যতে এই চাকরির পরীক্ষায় বসতে চান, সবার প্রস্তুতির সুবিধার জন্য এই প্যাক্টিস সেট। পরীক্ষা হবে ১৯ নভেম্বর ২০১৭ তারিখে।

## GENERAL KNOWLEDGE

**1. Which state Chief Minister has been honoured with the Golden Peacock Award under the category 'Global Leadership in Public Service and Economic Transformation.'?**
(a) Uttar Pradesh (b) Andhra Pradesh
(c) Assam (d) Tripura

**2. Which country's team has won the 2017 FIFA Under-17 World Cup?**
(a) England (b) India
(c) Spain (d) France

**3. Gautam Adhikari, who has passed away recently, was the co-founder of which TV channel?**
(a) Zee TV (b) Star Plus
(c) Sony (d) SAB TV

**4. The Indira Gandhi Wildlife Sanctuary is located in which states?**
(a) Tamil Nadu (b) Karnataka
(c) Kerala (d) Telengana

**5. Which team has won the 5th edition of Pro Kabaddi League 2017?**
(a) Bengal Warriors (b) Patna Pirates
(c) Jaipur Pink Panthers (d) UP Yoddha

**6. Which of the following has become the first country to leave International Criminal Court?**
(a) Botswana
(b) South Africa
(c) Burundi
(d) Gambia

**7. The Infantry Day is celebrated on which date in India?**
(a) October 25 (b) October 26
(c) October 28 (d) October 27

**8. Who has been honoured with the Hridaynath Mangeshkar Award 2017?**
(a) Viswanathan Anand (b) AR Rahman
(c) Javed Akhtar (d) Sulochana Tai.

**9. Digamber Singh, who has passed away recently, was related to which field?**
(a) Politics (b) Sports
(c) Journalism (d) Law

**10. The Sai Yok National Park is located in which country?**
(a) South Korea (b) Myanmar
(c) China (d) Thailand

**ANSWERS**

1. (b) 2. (a) 3. (d) 4. (a) 5. (b) 6. (c) 7. (d) 8. (c) 9. (a) 10. (d)

## ELIMENTARY MATHEMATICS

**1. Two cylindrical pots contain the same amount of water. If their diameters are in the ratio 2 : 3, the ratio of their heights is**
(a) 2 : 3 (b) 9 : 2
(c) 9 : 3 (d) 9 : 4

**2. If diameter of base of a right circular cone is 6 cm and height 4 cm, its curved surface will be**
(a) 15π cm2 (b) 20π cm2
(c) 36π cm2 (d) 45π cm2

**3. The average temperature from the date 9 to 16 in which both 9 and 16 are included is 30°C and from the date 10 to 17 in which both 10 and 17 are included the average temperature is 31°C. If the temperature on 9th is 35°C, what is the temperature on 17th?**
(a) 42°C (b) 40°C
(c) 43°C (d) 39°C

**4. A shopkeeper bought 60 dozen pens for Rs 1400. He spent Rs 40 on transport and Rs 24 as coolie charges. If he paid 4 paise per pen as octroi, then in order to make a profit of 8%, what will be the SP of pens per dozen?**
(a) Rs 23 (b) Rs 120
(c) Rs 27 (d) None of these

**5. Out of 500 people, 300 know only Hindi and 120 people know only English. How many people know Hindi and English both?**
(a) 70 (b) 100
(c) 80 (d) 60

**6. Ram started a business with Rs 3400. Three months later Bhagwan joins and a further 3 months later Chandu joins them. What is the amount of capital put by Chandu if at the end of the year their shares of profit are as 2 : 3 : 5?**
(a) Rs 8500 (b) Rs 17000
(c) Rs 5200 (d) Rs 5100

**7. A takes twice as much time as B and C takes thrice as much time as B to finish a work working together. They can finish the work in 12 days. Find the number of days needed for A to do the work alone.**
(a) 20 (b) 22
(c) 33 (d) 44

**8. A and B together can complete a work in 3 days. They started together but after 2 days B left the work. If the work is completed after 2 more days, B alone could do the work in how many days?**
(a) 5 (b) 6
(c) 7 (d) 10

**ANSWERS**

1. (d) **Explanation:** Ratio in heights = $\left(\frac{r_2}{r_1}\right)^2$

$\left(\text{Here, } \frac{r_1}{r_2} = \frac{2}{3}\right)$

$= \left(\frac{3}{2}\right)^2 = 9 : 4$

2. (a) **Explanation:** r =3 and h = 4

$\therefore\ l = \sqrt{3^2+4^2} = 5$ cm

∴ Curved surface of the cone = πrl

= π×3×5

= 15π cm2

3. (c) **Explanation:** Total temperature from 9th to 16th (both days are inclusive) = 8×30

= 240°C

and total temperature from 10th to 17th (both days are inclusive)

= 8×31

=248°C

∵ Temperature on 9th = 35°C

∴ Temperature from 10th to 16th = 240 –35

= 205°C

∴ Temperature on 17th = 248 – 205

= 43°C

4. (d) **Explanation:** Total cost of 60 dozen pens = 1400 + 40 + 24 + 60×12×.04

= Rs 1492.80

and profit = 8%

$\therefore\ SP = 1492.80 \times \left(1+\frac{8}{100}\right)$

= Rs 1612.224

$\therefore$ SP of 1 dozen pens $= \frac{1612.224}{60}$

= Rs 26.87

5. (c) **Explanation:** Total number of people = 500

No of people who know only Hindi = 300

and No of people who know only English = 120

∴ No of people who know Hindi and English both

= 500 – (300 + 120) = 80

6. (b) Let the money invested by Bhagwan and Chandu be Rs x and Rs y respectively.

∴ Investment of Ram for 1 month = 12×3400

= Rs 40800

And investment of Bhagwan for 1 month = Rs 9x.

And investment of Chandu for 1 month = Rs 6y

40800 : 6y = 2 : 5

$y = \frac{5\times40800}{6} = $ Rs 17000

7.(d) Let time taken by B = x

then time taken by A = 2x

and time taken by C = 3x

According to the question $= \frac{1}{x}+\frac{1}{2x}+\frac{1}{3x} = \frac{1}{12}$

$\Rightarrow 1+\frac{1}{2}+\frac{1}{3} = \frac{x}{12}$

$\Rightarrow \frac{6+3+2}{6} = \frac{x}{12}$

$\Rightarrow 11 = \frac{x}{2}$

$\Rightarrow x = 22$

⇒ Required number of days = 2x = 2×22 = 44 days

8.(b) (A + B)'s 2 days' work $= 2\times\frac{1}{3} = \frac{2}{3}$

A's 2 days' work $= \left(1-\frac{2}{3}\right) = \frac{1}{3}$

B's 2 days' work $= \left(\frac{2}{3}-\frac{1}{3}\right) = \frac{1}{3}$

B's 1 day's work $= \frac{1}{6}$

∴ B will take 6 days to complete the work alone.

## ENGLISH

**Direction (1-10): Fill in the blanks with the appropriate words.**

Leadership is one element, probably the most important element, of the overall managerial job. For managerial effectiveness, leadership quality is ...(1)... . Leadership is not status or ...(2)... but rather it is having ...(3)... over others. Managers are required to ...(4)... the objectives; leadership is exercised to ...(5)... them. Leadership is an individual ...(6)... and is proportional to individual's own personal ...(7)... to get people to do as he ...(8)... . Thus leadership can stimulate and ...(9)... people to get their willingness and ...(10)... for achieving the proposed objectives of the organisation.

1. (a) fitting (b) desirable (c) suitable (d) preferable
2. (a) power (b) superiority (c) energy (d) command
3. (a) influence (b) authority (c) control (d) dominance
4. (a) achieve (b) complete (c) acclaim (d) discharge
5. (a) fetch (b) retain (c) attain (d) meet
6. (a) tactic (b) technique (c) power (d) ability
7. (a) resources (b) plans (c) sources (d) devices
8. (a) demands (b) wishes (c) thinks (d) slots
9. (a) compel (b) motivate (c) incite (d) instigate
10.(a) sympathy (b) commitment (c) conviction (d) endorsement

**Directions (11-12): In each of the following questions, find out which part of the sentence has an error. If the sentence is correct, the answer is 'No error'.**

11. He was honourably (a)/ acquitted from (b)/ the charge. (c)/ No error (d)

12. Ajay was suffering (a)/ from cholera (b)/ and ultimately he died by it. (c)/ No error (d)

**ANSWERS**

1. (d) 2. (b) 3. (a) 4. (a) 5. (c) 6. (d) 7. (a) 8. (b) 9. (b) 10. (b) 11.(b) : Replace 'from' by 'of'. The verb 'acquitted' takes preposition 'of' 12.(c) : Replace 'by' by 'of'.

Daily PDF Download: http://www.gksolve.com

Daily PDF Download: http://www.gksolve.com



# তোমার জীবনের ইউএসপি তোমার হাতেই—সেটাকে তুমি কী

দ্রুত বদলাচ্ছে পৃথিবী। বর্তমান দুনিয়ায় প্রবলভাবে ডিজিটাল হয়ে পড়ছি আমরা সবাই। পড়ার জগত থেকে কাজের দুনিয়ায় এই দ্রুত পরিবর্তনের সঙ্গে স প্রযুক্তির সঙ্গে, তবেই প্রতিটি পদক্ষেপে পা মেলাতে পারবে। শুধু কল্পনায় ভাসলে হবে না, কাজের জগতের ভাষাও বুঝে নিতে হবে। পাঠ নিতে হবে আধু সেখানে পিছিয়ে পড়লে চলবে না। তোমার পরিশ্রম, সচেতনতা ও আধুনিক মনস্কতাই পারবে তোমায় অনেকটা এগিয়ে দিতে। মনে রাখতে হবে কাজের দু

## কঠোর পরিশ্রমই সাফল্য এনে দিয়েছে



চাকরি পাওয়ার জন্য সর্বপ্রথম নিজের মনে স্থির করেছিলাম যে, যেভাবেই হোক আমাকে সরকারি চাকরি পেতেই হবে। সেইজন্য প্রথমেই দরকার ছিল একটি সঠিক গাইডেন্স-এর যেটা আমি রাইস থেকে পেয়েছি। রাইস-এর স্যারদের সাহায্য ও সমস্ত স্টাডি মেটেরিয়াল প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে সাহায্য করেছে। এ ছাড়াও রাইস-এর অন্যান্য সহকর্মীরা আমাকে ভীষণভাবে পড়াশোনার ক্ষেত্রে সাহায্য করেছেন। প্রতিটি পরীক্ষার আগে আমি সেইসমস্ত পরীক্ষার বিগত দশ বছরের প্রশ্নপত্র দেখে প্রাথমিক একটা ধারণা তৈরি করেছিলাম। প্রতিদিন বাড়িতে মক সেট ঘড়ি ধরে প্র্যাকটিশ করেছি। নিয়মিত ৯-১০ ঘণ্টা পড়াশোনা করেছিলাম। যার ফলে আজ আমি চারটি সরকারি চাকরির পরীক্ষায় সফল হয়েছি। সর্বোপরি আমার মা পাশে ছিলেন বলে আমি আজ সফল। ভবিষ্যতে একজন ডব্লিউবিসিএস এগজিকিউটিভ অফিসার হতে চাই। সামাজিক উন্নয়নে কাজ করতে চাই যেখানে মানুষের কাজে লাগাতে পারব নিজেকে। এতগুলো সাফল্যের পিছনে ছিল নিজের কঠোর পরিশ্রম ও উপযুক্ত গাইডেন্স।

**মৌমিতা দাশ, ঠিকানা-** মোকদুমপুর, মালদা
**সাফল্য-** 1. Krishi Proyukti Sahayak, 2. Primary TET 3. PSC Misc 4. WBSSC-LDC

## জেদই সাফল্যের পথ চিনিয়েছে



কলেজ জীবন শেষ করে আর পাঁচজন সাধারণ ছাত্রের মতো আমিও চাকরির জন্য প্রস্তুতি নিতে শুরু করি। সরকারি চাকরিই ছিল প্রধান লক্ষ্য। তারই প্রচেষ্টা চালিয়ে গেছি সব সময়। কিন্তু সেই পরীক্ষা অত্যন্ত প্রতিযোগিতামূলক। সুনির্দিষ্ট পদ্ধতি অবলম্বন না করে পড়লে দ্রুত সাফল্য পাওয়া অসম্ভব। এ কথা অনেকেই বলতেন। সেইসঙ্গে এই ধরনের পড়ার একটা পৃথক টেকনিক আছে। সেই টেকনিকটা রপ্ত করা জরুরি। আর সেটাই শিখলাম রাইসে ভর্তি হয়ে। এখানে ভর্তি হয়ে বুঝলাম কেমন ভাবে নিজেকে তৈরি করতে হবে। কী ভাবে প্রস্তুতি নিলে এবং প্রস্তুতির কোন কোন বিষয়ে জোর দিতে হবে সে সব শিখেছি রাইসের শিক্ষকদের কাছ থেকে। সিলেবাসটা তাঁরা এমনভাবে বুঝিয়ে দিয়েছিলেন যা আমার পড়ার গতিকে অনেকটাই বাড়িয়ে দিয়েছিল। এবং নিজের প্রতি একটা বিশ্বাসও তৈরি হয়েছিল। দিশাহীন পড়ে যাওয়া নয়, সঠিক পড়াটাই শিখেছি এখানে এসে। আমার সাফল্যের পুরো কৃতিত্ব দিতে চাই রাইসকে। আমার নিজের যেটা ছিল তা হল পরিশ্রম করার মানসিকতা ও সফল হতেই হবে এই জেদ।

**সৌম্যদিত্য সিনহা, ঠিকানা-** গভর্নমেন্ট কলোনি, মালদা
**সাফল্য-** 1.BPS RRB Assistant
2. District Judge Court-LDC

## পঠন-পাঠন সম্পূর্ণ ভিন্ন ধরনের



স্নাতক হওয়ার পর ভাবলাম এরপর কী? উচ্চশিক্ষা না চাকরি? অনেক ভেবে সরকারি চাকরির প্রস্তুতিতেই মন দিলাম। উচ্চশিক্ষা পরে নেওয়া যাবে। তাই সিদ্ধান্ত নিয়ে ভর্তি হলাম রাইসের মতো প্রতিষ্ঠানে। বাবা মা সব সময় উৎসাহ দিয়ে গেছেন। এর অন্যতম কারণ ভবিষ্যৎ নিশ্চয়তা। সেই বিশ্বাস থেকেই নিজেকে তৈরি করি। সরকারি অসংখ্য চাকরির মধ্যে কয়েকটা চাকরিকে অগ্রাধিকার দিই এবং বেশি সময় ধরে প্রস্তুতি নিই। দেখলাম রাইসের পঠন পাঠন সম্পূর্ণ ভিন্ন ধরনের। আর এই ভিন্ন ধারার পড়াতেই অভ্যস্ত করে তোলে রাইস। কোন আদলে প্রশ্ন আসবে, কেমন ভাবে উত্তর করতে হবে সে সবই তাঁরা রপ্ত করে নিতে সাহায্য করতেন। সম্পূর্ণ সাফল্য না পাওয়া পর্যন্ত স্যারদের নিরন্তর প্রয়াস একজন ছাত্রছাত্রীর থেকেও কম নয়। তাঁদের আন্তরিকতা ও সহযোগিতার কথা ভোলার নয়। ভয় দূর করে দেওয়া, আত্মবিশ্বাস জাগিয়ে তোলার পাশাপাশি সব রকম সাহায্য পেয়েছি এখান থেকে। স্টাডি মেটেরিয়াল মকটেস্ট অসামান্য। সাফল্য পেতে একমাত্র পথ কঠোর পরিশ্রম আর নিরলস সাধনা। তার থেকে বিচ্যুত হইনি। তোমরাও নিজেদের স্বপ্ন পূরণ করতে কঠোর পরিশ্রম করে যাও ও স্যারদের পরামর্শ অনুসরণ করে যাও। কখনওই আত্মবিশ্বাস হারিয়ো না। লক্ষ লক্ষ প্রতিযোগীর মধ্যে মানসিক দৃঢ়তা থাকা আবশ্যিক।

**প্রিয়াঙ্কা ভট্টাচার্য, ঠিকানা-** গয়েশপুর, মালদা
**সাফল্য-** WBSSC, LDC

## কোনো ক্লাস বাদ দিইনি



প্রথম থেকেই লক্ষ্য ছিল ডব্লিউবিসিএস। অন্য কোনো দিকে দৃষ্টি দিইনি। পাখির চোখ করেই সমস্ত পড়াটা করে গেছি। বিশাল সিলেবাস কেমন করে তা রপ্ত করতে হবে, অপশন্যাল সাবজেক্ট থেকে শুরু করে গোটা পড়াটাকেই সামঞ্জস্য পূর্ণ করে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করেছেন এখানকার শিক্ষকরা। এত নিয়ম-নিষ্ঠভাবে গোটা পড়া ও 'পরিবেশটা পেয়েছিলাম তা ভাষায় প্রকাশ করতে পারব না। প্রতিদিন নিয়ম করে বিশেষ বিশেষ ক্লাস করতে হতো। স্যাররা নির্দিষ্ট সিলেবাস অনুযায়ী স্টাডি মেটেরিয়াল দিয়ে সাহায্য করেছেন। এ ছাড়াও ক্লাসের পড়াগুলি ক্লাস টেস্ট দিতে হতো। সেইসঙ্গে ছিল নিজেদের মধ্যে স্টাডি করার অবসর। চেষ্টা করতাম প্রতিদিন একটা করে পেপার সলভ করতে। চেষ্টা করতাম কোনো ক্লাস বাদ না দিতে। লাগাতার কঠোর নিয়মের মধ্যে পড়তে হয়েছে যা যে কোনো সাধারণ পড়ার চেয়েও অনেক কঠিন। জানতাম এই কঠিন পথ পেরিয়েই এক একজন তাঁদের স্বপ্নপূরণের রাস্তা খুঁজে পান। আমিও তাই কঠোর নিয়ম থেকে বিরত হইনি। আজ একটা ধাপে সফল হয়ে ভবিষ্যতে গ্রুপ-এ পদে সফল হবার প্রয়াস চালিয়ে যেতে চাই।

**বরুণ কুমার ঝা, ঠিকানা-** পাঁচপাড়া, বনিয়াল, মালদা
**সাফল্য-** 1. WBCS-GR-C
2. Krishi Proyukti Sahayak

## নিজের প্রতি বিশ্বাস রাখতে হবে



অনেককেই দেখতাম ইঞ্জিনিয়ারিং বা অন্য স্ট্রিমে পড়াশোনা করে আইটি সেক্টরে চাকরি পেতে। সেখানে স্বাচ্ছন্দ্য অনেক, কিন্তু পাশাপাশি রয়েছে অনিশ্চয়তার এক দোলাচলতা। আমি জেনারেল লাইনের স্টুডেন্ট। সরকারি চাকরিকেই প্রাধান্য দিলাম। রাইস-এ ভর্তি হলাম। বিজ্ঞাপনে আগে এই প্রতিষ্ঠান সম্পর্কে জেনেছিলাম। ক্লাসে ভর্তি হয়ে বিভিন্ন বিষয়ে ক্লাস করতে শুরু করি। সেই সঙ্গে পেয়েছিলাম উপযুক্ত গাইডেন্স ও স্টাডি মেটেরিয়াল। এত সুন্দরভাবে পড়াটাকে গোছানো যে কোনও উৎসাহী ছাত্রছাত্রীই সফল হতে পারে যদি সে নিজের মতো করে পড়ে এবং স্যারদের পড়ানোকে ফলো করে। আমি রোজ নিয়ম করে পড়েছি। ক্লাসের পড়া ছাড়াও মকটেস্ট এবং মান্থলি টেস্ট আমায় সফল হতে অনেকটাই সুযোগ করে দিয়েছিল। ডেসক্রিপটিভ ও অবজেকটিভ প্রশ্ন তৈরি ক্লাসে পড়ানো হত। সেগুলি নিয়মিত প্র্যাকটিস করতাম। বাড়িতে অনেক সময় নিজেই নিজের পরীক্ষা নিতাম। দেখতাম সময়ের মধ্যে সমাধা করতে পারছি কিনা। পড়ার ধারাবাহিকতাই আমাকে সাফল্যের পথ চিনিয়ে ছিল। তোমরাও নিরন্তর প্র্যাকটিস করে যাও।

**বিশ্বজিৎ মুখার্জি, ঠিকানা-** গাজোল মালদা
**সাফল্য-** District Court-Malda, LDC

## আরও বড় হওয়ার স্বপ্ন দেখি



সরকারি চাকরি পাওয়ার জন্য যথেষ্ট প্রস্তুতি নিয়েছি এবং এই চাকরি পাওয়ার পিছনে আমার 'মা' সর্বপ্রথম আমাকে গাইড করেন। রাইস-এ পড়ার কারণ স্যাররা ভালোভাবে খেয়াল রাখেন এবং হোমওয়ার্ক প্রতিদিন নেন যাতে পড়ার ব্যাপারে কেউ ফাঁকি দিতে না পারে এবং এখান থেকে আমরা অনেক শর্ট ফর্ম জানতে পারি। সাফল্য পাওয়ার ক্ষেত্রে রাইস-এর সমস্ত শিক্ষককে প্রণাম জানাই কারণ তাঁদের প্রচেষ্টাতেই আজ আমি এতটা এগোতে পেরেছি। আমার ভবিষ্যত পরিকল্পনা আরও ভালো কিছু করার। সরকারি চাকরির অনেক মাহাত্ম্য ছোটবেলা থেকেই শুনে এসেছিলাম ও দেখেছি। তখন থেকেই স্বপ্ন দেখতাম জীবনে প্রতিষ্ঠিত হতে সরকারি চাকরিই প্রধান পথ। তাই কোনো রকম অবহেলা বা ফাঁকি না দিয়ে চেষ্টা করতাম রোজের পড়া রোজ করে নিতে। প্রতিটা ক্লাসে যে টেস্ট বা প্রস্তুতির পরীক্ষা নেওয়া হতো সে সবের সবগুলিতেই সব প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা করতাম। সব সময় হয়তো সফল হতাম না কিন্তু কখনও কখনও নিজের সাফল্যে খুশি হতাম। তাই কখনও হতাশ হইনি এবং সব সময় চেষ্টা করেছি মানসিক দৃঢ়তা বজায় রাখতে। ডিটারমিনেশনই ছিল আমাকে পারতেই হবে, যে মন্ত্র মোটিভেশন ক্লাস থেকে পেয়েছিলাম। গ্রুপ স্টাডি করার দিনগুলি মনে পড়ে আজও। একই সঙ্গে হাঁটতাম কথা বলতাম কিন্তু ক্লাসে থাকত প্রতিযোগিতা।

**তুষার কান্তি সরকার, ঠিকানা-** পলগাছি, মালদা
**সাফল্য-** WBSSC, LDC

## রাইস আমার এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা



চাকরি পাওয়ার জন্য যথেষ্ট পরিমাণে পরিশ্রম করেছি। প্রকৃত গাইডেন্স পাওয়ার জন্য রাইস-এ ভর্তি হয়েছিলাম। স্যারদের নির্দেশ অনুযায়ী প্রতিদিনের হোমওয়ার্ক করেছি এবং যখন যে বিষয়ে সমস্যা হয়েছে স্যারদের কাছ থেকে জেনে নিয়েছি। এছাড়া এখানকার স্টাডি মেটেরিয়াল আমার যথেষ্ট কাজে লেগেছে। সরকারি চাকরি পাওয়ার পেছনে রাইস-এর যথেষ্ট অবদান রয়েছে। ভবিষ্যতে আমি এসআই হওয়ার জন্য প্রস্তুতি নিচ্ছি। প্রমাণ করতে চাই সমাজে সুযোগ পেলে মেয়েরাও অনেক কিছু করতে পারে। সামাজিক উন্নয়নের সাথী হয়ে কাজ করতে পারে। যেদিন রাইসে ভর্তি হয়েছিলাম চেয়ারম্যান স্যারের মোটিভেশন ক্লাস আমার চোখ খুলে দিয়েছিলো। একাগ্রতা চাই যে কোনো কাজের সাফল্যে। আমিও প্রথমে একটা লক্ষ্য তৈরি করে নিয়েছিলাম। তারপর সব সময় মনের মধ্যে একটা জেদ তৈরি হয়েছিল যে আমাকে পারতেই হবে। সাধারণ পড়াশোনায় যেমন কোনো ঘাটতি রাখিনি চাকরির পরীক্ষার পড়াটাকেও অত্যন্ত গুরুত্ব দিয়েছিলাম। তাই আজ সফল হয়েছি। ভবিষ্যতে আরও উচ্চপদে পৌঁছতে চাই।

**নুরজাহান খাতুন, ঠিকানা-** ঝলঝলিয়া, মালদা
**সাফল্য-** 1. Kolkata Police Lady Constable
2.WB Police Lady Constable

## এখানেই থেমে থাকা নয়



চাকরি পাওয়ার জন্য অন্তত প্রতিদিন ৬ ঘণ্টা পড়াশোনা করেছি। রাইস-এ পড়ার মূল কারণ কীভাবে অল্প সময়ে বেশি সংখ্যক উত্তর করা যায় তার কৌশল আয়ত্ত করা এবং সময়ের সাথে সাথে সঠিক উত্তরের নির্ণয় করে দ্রুত সমাধান করা। সাফল্য পাওয়ার জন্য রাইস থেকে যে সুবিধা পেয়েছি তা হল— সময়ের সদ্ব্যবহার। ডেডিকেশন এবং ডিভোশন। সঙ্গে উচ্চাকাঙ্ক্ষার স্বপ্ন দেখা। সেই স্বপ্নই সাফল্য এনে দিল। এখানেই থেমে থাকতে চাই না। আরও এগোতে চাই। আমার ভবিষ্যৎ পরিকল্পনা হল ডব্লিউবিসিএস পরীক্ষাকে টার্গেট করে একজন এগজিকিউটিভ অফিসার রূপে নিজেকে প্রতিষ্ঠিত করা। প্রথম থেকেই স্থির করে নিয়েছিলাম নিজের লক্ষ্য পূরণে যে কোনো কঠিন পরিশ্রমই করতে পিছপা হব না। সরকারি দু দুটি চাকরির সাফল্য পেলেও মনের মধ্যে সেই স্বপ্নটাই দেখে যাই একদিন সামাজিক উন্নয়নের সঙ্গে নিজেকে ওতপ্রোত ভাবে নিযুক্ত করতে পারব। মনের সেই দৃঢ়তা ও একাগ্রতা নিয়েই এগোচ্ছি। স্যারদের সহযোগিতায় ও পরামর্শে নির্দিষ্ট সাফল্যে পৌঁছবই।

**রিপণ কুমার সাহা, ঠিকানা-** রায়গঞ্জ, দক্ষিণ দিনাজপুর
**সাফল্য-** 1. WBSSC, Asst. Teacher, Sub- Math
2. Primary School, Asst. Teacher

## সঠিক গাইডেন্স পেয়েছি



সরকারি চাকরি পাওয়ার জন্য দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ ছিলাম কিন্তু সেরকমভাবে কোনও সঠিক পথ খুঁজে পাচ্ছিলাম না যে আমাকে আমার লক্ষ্যে পৌঁছানোর জন্য সাহায্য করবে। তারপর আমি রাইস-এ ভর্তি হই। এবং এখান থেকে আমাকে যথেষ্টভাবে সাহায্য করা হয়। এ ছাড়া শিক্ষক মহাশয়রাও সাহায্য করেছেন। ওনারা আমাকে যেভাবে প্রস্তুতি নিতে বলেছিলেন আমি ঠিক সেভাবেই প্রস্তুতি নিই। ভবিষ্যতে আমি আরও ভালো চাকরি পাওয়ার অপেক্ষায় আছি। একটা সাফল্য অনেক সাফল্য ডেকে আনে। সেই উৎসাহেই আমি সামনের দিকে এগিয়ে যেতে চাই। সব সময় আত্মবিশ্বাস নিয়ে এগোতে হবে, একবার দু বার বিফল হলেও মন খারাপ করার কিছু না রাখাই ভাল এটা আমার পরামর্শ। ব্যর্থতাই সাফল্যের পথ চিনিয়ে দেয়। সব সময় মনের জোর নিয়ে এগিয়েই আজ যে সাফল্য পেয়েছি তার জন্য অনেকটাই কৃতিত্ব দিতে চাই রাইসের শিক্ষকদের। তাঁদের পরামর্শ ও সঠিক গাইডই আমায় অনেকটা এগিয়ে দিয়েছে। তোমরাও এগিয়ে যাও। মনে রাখতে হবে সাধারণ পড়ার সঙ্গে চাকরির পড়ার অনেকটাই ফারাক থাকে। সেটা স্পষ্ট ভাবে অনুধাবন করতে হবে। সব সময় নিজেকে প্র্যাকটিসের মধ্যে রাখতে হবে। সময় ধরে সঠিক উত্তর দিতে না পারলে প্রতিযোগিতার পরীক্ষায় সফল হওয়া সম্ভব নয়। সজাগ থাকতে হবে।

**অতনু হালদার, ঠিকানা-** ফারাক্কা, মুর্শিদাবাদ
**সাফল্য-** ACT, SAIL

## আত্মবিশ্বাস বাড়িয়ে দিয়েছে



নিরলস প্রচেষ্টার বিকল্প নেই। সরকারি চাকরি পাওয়ার জন্য অদম্য জেদ নিয়ে নিয়মিত ম্যাথ, জিআই, ইংরেজি ও জিকে পড়েছি। পারিবারিক অনেক কাজের মধ্যেও সময় বের করে নিতে ভুলিনি কখনো। রাইস-এর বিজ্ঞাপন ও সফল প্রার্থী তালিকা দেখে রাইস-এ ভর্তি হই। আমার আজকের সাফল্যের পেছনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাইস-এর স্যারদের। এখানে শিক্ষকদের শিক্ষাদান ও সহজ পদ্ধতিগুলি আয়ত্ত না করতে পারলে চাকরি পাওয়া প্রায় অসম্ভব হতো। সহজ পদ্ধতিতে রি অাই করা শিখেছি রাইস থেকে। অবজেকটিভ প্রশ্নের দ্রুত উত্তর দেবার অভ্যেস তৈরি করতে হবে। দেশ ও আন্তর্জাতিক ঘটনাবলি সম্পর্কে সব সময় সচেতন থাকতে হবে। বর্তমানে এলডিসি-তে চাকরি পেলেও ভবিষ্যৎ চিন্তায় রয়েছে রেলওয়ে গ্রুপ-বি। বিশ্বাস সফলতা লাভ করবই।

**অসীম মণ্ডল, ঠিকানা-** ময়না, মালদা
**সাফল্য-** WBSSC, LDC

## নতুন পথের দিশারি



আমি আমার সাফল্যের জন্য সম্পূর্ণ কৃতিত্ব দিচ্ছি রাইস-এর স্যারদের। প্রথম থেকে রাইস আমাকে যেভাবে ইনস্ট্রাকশন দিত আমি শুধু সেইভাবে চলেছি এবং পালন করেছি। তার জন্য আজ আমি নিজের পায়ে দাঁড়িয়েছি। রাইস-এ পড়ে আমি আমার জীবনের নতুন পথের দিশা পেয়েছি এবং এখান থেকে আমি আমার পরবর্তী চেষ্টা চালিয়ে যাব আরও ভালো কিছু পাওয়ার জন্য। প্রথম দিকে কোনো ধারণাই ছিল না। কেমনভাবে প্রস্তুতি নিতে হবে কোন কোন বিষয় রেগুলার পড়তে হবে এবং কেমন করে উত্তর তৈরি করলে দ্রুত সময়ের মধ্যে উত্তর করা সম্ভব। পুরো পড়াটাই অবজেকটিভ টাইপের অনেক ভুল উত্তরের সঙ্গে সঠিক উত্তরটা লুকিয়ে থাকে। সঠিক উত্তরটা দ্রুত দিতে পারাটাই কৃতিত্ব। কম সময়ের মধ্যে যে যত বেশি সঠিক উত্তর দিতে পারবে তারই জয়। মনে রাখতে হবে সব সময় এই শিক্ষাটাই পেয়েছিলাম।

**কৃষ্ণপদ বিশ্বাস, ঠিকানা-** গাজোল, মালদা
**সাফল্য-** NICL, Assistant

## প্রস্তুতির পথটা সুগম করে দিয়েছিলেন



কলেজ জীবন থেকেই বিজ্ঞাপন ও নানাজনের মুখে রাইসের কথা শুনে এসেছি। কম্পিটিটিভ পরীক্ষার জন্য নির্ভরযোগ্য শিক্ষা প্রতিষ্ঠান। অনেকের অনেক রকম দুর্বলতা থাকে চাকরির পরীক্ষার ব্যাপারে এখানে পড়লে আশাকরি সেই সব ভুল ত্রুটি দুর্বলতা দূর হয়ে যাবে। অন্তত আমার হয়েছে। সরকারি চাকরির ব্যাপারে অনেকটাই ধোঁয়াশায় ছিলাম কী ভাবে পড়তে হয়, তার সিলেবাস কী ইত্যাদি নানা বিষয়ে প্রশ্ন নিয়ে যখন ভর্তি হলাম দেখলাম একটা সিস্টেমেটিক পড়ার মধ্য দিয়ে না গেলে সফল হওয়া মুশকিল। আর সেই পথটাই দেখিয়ে দিয়েছেন রাইসের স্যাররা। তাঁদের দেওয়া স্টাডি মেটেরিয়াল ও প্রতিদিন ক্লাসের পর প্রতিটা বিষয়ের পরীক্ষা নিয়ে নিয়ে তাঁরা আমার মতো বহু ছাত্রের প্রস্তুতির পথটা সুগম করে দেন বলেই বছরে পর বছর আমাদের সাফল্যের আনন্দ পাই।

**নিশান্ত বিশ্বাস, ঠিকানা-** গঙ্গারামপুর, দক্ষিণ দিনাজপুর
**সাফল্য-** WB SSC LDC

## নতুন করে উৎসাহ পেয়েছি



সরকারি চাকরি পাওয়ার জন্য রাইস-এ পড়াশোনা করে যাওয়ার পর সেই নোটপত্র ফলো করতাম এবং সেই নোটসগুলো খুব ভালোভাবে পড়তাম। রাইস-এ পড়ার প্রধান কারণ টাইম ম্যানেজমেন্ট করে ক্লাস টু ক্লাস পড়াশোনা করা। রাইস-এর ক্লাসগুলো অ্যাটেন করলে পড়াশোনা করার জন্য উৎসাহিত হতাম। আমার সাফল্য পাওয়ার জন্য সিংহভাগটাই রাইস-এর অবদান। কারণ এখানে আসার পরই আমার চাকরির পরীক্ষার গুরুত্ব এবং তার প্রতি আগ্রহ জন্মায়। রাইস-এর ক্লাস এবং স্যাররা ছাত্রছাত্রীদের তে ভালোভাবে মোটিভেট করেন যে পড়াশোনার প্রতি আগ্রহ জন্মায়। স্টাডি মেটেরিয়াল এবং ক্লাস নোটগুলো সাফল্য পেতে সাহায্য করে। ভবিষ্যতে আশা ডব্লিউবিসিএস অফিসার হওয়া।

**দীপঙ্কর রায়, ঠিকানা-** বুলবুলচণ্ডী, মালদা
**সাফল্য-** Co-operative Bank, Cashier

Daily PDF Download: http://www.gksolve.com

Daily PDF Download: http://www.gksolve.com



# ভাবে আরও মূল্যবান করে তুলবে, তোমাকেই ঠিক করতে হবে

ঙ্গ নিজেকেও দ্রুত সময়োপযোগী করে তুলতে হবে। কীভাবে তা সম্ভব এই প্রশ্নের উত্তরে বলা যায়, সমসময়কে চিনতে হবে, পরিচিত হতে হবে আধুনিক ক প্রযুক্তির। সময় ও কাজের জগতকে ধরতে এখন থেকেই শুরু করে দিতে হবে। মনে রাখতে হবে কর্মজগতের প্রতিটা পদক্ষেপেই রয়েছে প্রতিযোগিতা। নিয়ায়ও দ্রুত বদলাচ্ছে কাজের চরিত্র। প্রস্তুতিটা শুরু হয়ে যাক এখন থেকেই। পরীক্ষা থেকে সাফল্য পর্যন্ত চলুক নিরন্তর প্রয়াস।

## ধৈর্য ও অধ্যবসায় চাই



দৈনিক দিনে ৭-৮ ঘণ্টা করে পড়াশোনা করতে হয়েছে। রাইস হচ্ছে এমন এক প্রতিষ্ঠান যে শুধু জীবনের ভিত নয়, সাফল্য পাওয়ারও ভিত গড়ে দেয়। আমার মতে রাইস পশ্চিমবঙ্গে এক নম্বর শিক্ষা প্রতিষ্ঠান যেখান থেকে প্রতি বছর আমার মতো অগুনতি ছাত্রছাত্রী শিক্ষার মাধ্যমে নিজেদের কর্মজীবন শুরু করেছে। সাফল্য পাওয়ার ক্ষেত্রে শুধু শিক্ষা দিয়ে সাহায্য করে না, তার ছাত্রছাত্রীকে সুনাগরিক হিসেবে গড়ে উঠতে সাহায্য করে। যেদিন ভর্তি হলাম সেদিন জানতামই না কেমন করে সরকারি চাকরির পরীক্ষার প্রস্তুতি নিতে হয় ও লক্ষ লক্ষ প্রতিযোগীর মধ্যে থেকে নিজের সাফল্য পেতে হয় সেই মন্ত্রই শিখিয়েছিলেন স্যাররা মাত্র কয়েকদিনের ক্লাসের পরই নিজের জড়তা কেটে যায় এবং আমি বুঝতে পারি আমায় কী করতে হবে। বিভিন্ন চাকরি সংক্রান্ত বই ছাড়াও ম্যাগাজিন পত্রপত্রিকা পড়তে থাকি নিয়মিত। একটা নোট খাতা তৈরি করেছিলাম যেখানে বিভিন্ন ঘটনাবলি ও সাল তারিখ নোট করে রাখতাম। ক্লাসের পড়াগুলি রোজ মুখস্থ করে নিতাম। স্টাডি মেটেরিয়াল অত্যন্ত উপকারে এসেছে। রোজ প্র্যাকটিস করার পরামর্শ দিয়েছিলেন স্যাররা।

**শুভেন্দু রায়, ঠিকানা-** পাচাগড়, কোচবিহার
**সাফল্য-** 1. Multi Tasking (Non Technical)
2. Railway ASM

## রোজ নিয়ম করে পড়েছি



তিন তিনটে সরকারি চাকরিতে কোয়ালিফাই করতে পেরেছি। এর জন্য আমার পরিশ্রম যেমন কৃতিত্ব দাবি করতে পারে, তেমনই রাইস-এর সুনির্দিষ্ট পড়াশোনাকেও আমি বিশেষভাবে কৃতজ্ঞতা জানাতে চাই। এখানকার পড়াশোনার পরিবেশ একেবারে অন্য রকমের। যে কোনো সাধারণ ছাত্রও চাইলে নিষ্ঠা ও একাগ্র হয়ে পড়াশোনা করে সাফল্যের দরজায় পৌঁছতে পারে। সঠিক গাইডেন্স পেয়েছি এখানে পড়েই। প্রতিযোগিতাময় পরিবেশ মনের মধ্যে একটা জেদ তৈরি করে দিয়েছিল। স্টাডি মেটেরিয়াল ছিল ভীষণভাবে সহায়ক। এখানে এসেই চোখ খুলে গিয়েছিল। যে কোনো কঠিন বাধা ডিঙোতে যে আমিও পারি— মনোবল বাড়িয়ে দিয়েছিলেন চেয়ারম্যান স্যার। রোজ নিয়ম করে প্র্যাকটিস করতাম। সেই সঙ্গে নেট থেকেও বিভিন্ন পড়া তৈরি করতাম। নেট সার্চিং ছিল অন্যতম নেশা। বিভিন্ন সংবাদপত্র থেকে দেশ ও বহির্বিশ্বের উল্লেখযোগ্য ঘটনা নোট করে রাখতাম। ক্লাস টেস্ট মকটেস্ট মনের ভয়ভীতি দূর করে দিয়েছিল। কোথায় কী ঘাটতি তা শুধরে নিতে পেরেছিলাম। সেই সঙ্গে পেয়েছিলাম অসাধারণ লাইব্রেরিটি।

**পল্লবী গোস্বামী, ঠিকানা-** ঘাটপার, কোচবিহার
**সাফল্য-** 1. WBCS, GR-C, Revenue Officer
2. WBSSC, Asst Teacher
3. PSC Misc, Consumer Welfare Officer

## গড়ার টেকনিকটাই আলাদা



কোচবিহারের এক মধ্যবিত্ত পরিবেশে বড় হয়ে ওঠা। ছাত্রজীবন থেকেই দেখতাম সরকারি এবং বেসরকারি চাকরির এক ধরনের পার্থক্য। অনিশ্চয়তা ও এক ধরনের ভয়ই আমাকে সরকারি চাকরির প্রতি আকৃষ্ট করে। কিন্তু কী করে প্রস্তুতি নিতে হয় এবং তার জন্য কতটা পড়তে হয়, বিশেষ অবগত ছিলাম না। একটা স্পষ্ট ধারণা পেতে আত্মবিশ্বাস সুদৃঢ় করতে রাইস-এর মতো স্বনামধন্য প্রতিষ্ঠানে ভর্তি হই। এখানে এসে দেখলাম সাধারণ পড়াশোনার সঙ্গে চাকরির পড়ার অনেক পার্থক্য। পুরোটাই অবজেকটিভ টাইপের। এবং প্রভূত প্র্যাকটিস না করলে প্রকৃত পরীক্ষায় কম সময়ে সব প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব নয়। নানান দিক থেকেই রাইস-এর শিক্ষকরা হেল্প করেছিলেন যা কোনো দিনই ভোলার নয়। কঠোর পরিশ্রম ও রাইস-এর সাহায্যেই সাফল্য পেয়েছি। আজ মনে পড়ছে বন্ধুদের সঙ্গে ক্লাস করার দিনগুলি আমরা একসঙ্গে বসে গ্রুপ স্টাডি করতাম। নিজেদের মধ্যে পড়ার পরীক্ষা নিতাম। কমপিটিটিভ প্রতিযোগিতার ক্ষেত্রে সাহস ও দৃঢ়তা থাকা অত্যন্ত জরুরি। তোমরাও সেই সাহস ও মনের জেদ নিয়ে এগিয়ে যাও। হাল ছাড়লে চলবে না। সাফল্য একদিন আসবেই।

**অজিত কর্মকার, ঠিকানা-** তুফানগঞ্জ, কোচবিহার
**সাফল্য-** PSC Gr-D Health & Family Welfare

## লক্ষ্যে অবিচল থাকতে হবে



দিন দিন প্রতিযোগিতা বেড়েই চলেছে সর্বত্র। আর সরকারি চাকরির ক্ষেত্রে তো কথাই নেই। এটা জেনেই প্রথম থেকেই প্রস্তুতি নিতে শুরু করি। বিভিন্ন ধরনের চাকরির বই ম্যাগাজিন পড়তে শুরু করি। জেনারেল নলেজ সহ সমসাময়িক উল্লেখযোগ্য ঘটনাবলি ও ইতিহাসের বিষয়বস্তু পড়তে থাকি। মাধ্যমিক স্তরের বইগুলিও মুখস্ত করে নিয়েছিলাম। রাইস-এ ভর্তি হয়ে পেলাম সুনির্দিষ্ট গাইডেন্স ও নিয়মিত পড়ার অভ্যেস। রোজ ৭ থেকে ৮ ঘণ্টা পড়তাম। স্যাররা যা পড়া দিতেন সেগুলি দিনের দিন মুখস্থ করে নিতাম। ফেলে রাখতাম না। নিয়মিত ক্লাস টেস্ট আত্মবিশ্বাস বাড়াতে সাহায্য করেছে। ভুল ত্রুটি শুধরে নিতে পারতাম। রোজ প্র্যাকটিশ করার অভ্যেস তৈরি করতে হবে। সেই পরামর্শ পেয়েছি স্যারদের কাছ থেকে। অনলাইন পরীক্ষা সম্পর্কেও একটা সুস্পষ্ট ধারণা গড়ে দিয়েছে। স্টাডি মেটেরিয়াল ছিল অসাধারণ। সেই সঙ্গে পেয়েছিলাম চাকরির বই সমৃদ্ধ লাইব্রেরিটিকে। যেখানে বন্ধুরা এক সঙ্গে বসে নানাবিধ পড়াশোনা করতাম। সফল হয়ে তোমাদের একটাই পরামর্শ কঠোর পরিশ্রম করে যাও লক্ষ্য স্থির রেখে।

**কৌশিক অধিকারী, ঠিকানা-** নীলকুঠির, বাবুরহাট, কোচবিহার
**সাফল্য-** District Judge Court-Coochbehar Office Peon

## দেখলাম একদিন সাফল্য পেলাম



প্রথম উৎসাহটা পেয়েছিলাম বাড়ি থেকে। অভিভাবকরা বলতেন সরকারি চাকরির মাহাত্ম্যই আলাদা। একবার ভাগ্যে শিকে ছিঁড়লে আর পেছন ফিরে তাকাতে হয় না। অনিশ্চয়তায় কাল কাটাতে হয় না। সেই উৎসাহে পরীক্ষামূলক চাকরির পরীক্ষায় বসার পরিকল্পনা করলাম। পরিকল্পনা আর বাস্তবের মধ্যে কিছুটা হলেও ফারাক রয়েছে। আর সেই ফারাকটাই এসে বুঝলাম রাইসে ভর্তি হয়ে। বুঝলাম কঠিন পথ প্রচুর পরিশ্রম এবং নিরন্তর প্রচেষ্টা না চালালে সফল হওয়া কঠিন। আর সেই শিক্ষাটাই দিয়েছেন রাইসের শিক্ষকরা। সেই সঙ্গে কেমন করে নিজেকে তৈরি করে নিতে হবে সেই গাইডও করেছেন তাঁরা। তাঁদের অবদানে আমার সাফল্য এ কথা না বললে অন্যায় হবে। প্রত্যেকটা শিক্ষকের কাছ থেকে সাহায্য পেয়েছি আমরা সবাই। বন্ধুরা যখন কিছু জানতে যেতাম কখনও তাঁদের বিরূপ হতে দেখিনি। সাহস ও মনোবল বাড়িয়ে তাঁরা উৎসাহ দিতেন। আমরা শুধু তাঁদের পরামর্শ ও পড়াগুলো হুবহু ফলো করে যেতাম। দেখলাম পরীক্ষায় একদিন সাফল্যের তালিকায় আমারও নাম। পরিশ্রম সার্থক হয়েছে। চেষ্টা করব আরও উপরের দিকে নিজেকে তুলে নিয়ে যাওয়ার।

**ভৈরব সরকার, ঠিকানা-** মাহিপুর দক্ষিণ দিনাজপুর
**সাফল্য-** WBSSC, LDC

## মূল্যবান সময় নষ্ট করিনি



পড়া শেষে যখন সরকারি চাকরির সন্ধান করছি তখন কয়েকজন পরামর্শ দিল রাইস-এ ভর্তি হতে। স্বপ্ন শুরু কলেজ জীবনেই। সরকারি চাকরিই করব অন্য কোনো দিকে বৃথা সময় নষ্ট ব্যয় করব না। তার জন্য যা প্রস্তুতি নেওয়া প্রয়োজন তা-ই নেব। সেই স্বপ্ন কিছুটা হলেও পূরণ হয়েছে রাইস-এর হাত ধরে। এখানে ভর্তি হয়ে যে সিলেবাস ও পড়ার টেকনিক পেয়েছিলাম তা এক কথায় অতুলনীয়। মিশন ১৫০, মকটেস্ট প্রভৃতি পরীক্ষাগুলি অত্যন্ত সিস্টেমেটিক। নিয়ম করে ক্লাস টেস্ট দিতে হত। একটাও টেস্ট বাদ দিইনি। তাতে বুঝেছিলাম আমার অবস্থান কোথায়। অন লাইন পরীক্ষায় সড়গড় হয়েছিলাম। ক্লাস ও পরিবেশটা এমনই ছিল যে সব সময় প্রতিযোগিতাপূর্ণ পড়ার মধ্যে থাকতে হয়েছিল। এতে রেগুলার পড়ার অভ্যেস তৈরি হয়েছিল। আর সব সময় ভাবতাম অন্যের থেকে বেশি ভাল রেজাল্ট করতে হবে। সিরিয়াসলি পড়ে নিজেকে তৈরি করে নিতে পেরেছি। স্যারদের পরামর্শ ও প্রতিটা ক্লাসই শুধু নয়, সব সময় চেষ্টা করতাম যা পড়ছি সেটাই মুখস্থ করতে। মূল্যবান সময় বৃথা নষ্ট হতে দিইনি।

**দেবাশিস অধিকারী, ঠিকানা-** আলিপুরদুয়ার, জলপাইগুড়ি
**সাফল্য-** Krishi Proyukti Sahayak

## কখনও হীনম্মন্যতায় ভুগিনি



রাইস-এর জেনারেল কম্বাইন্ড কোর্স এমন একটি পঠন-পাঠন যে এক সঙ্গে অনেকগুলি চাকরির প্রস্তুতি নেওয়া যায়। যেমন ব্যাঙ্ক, বিমা, রেল সহ আরও অন্যান্য সরকারি চাকরি। মাধ্যমিক স্তর পেরোলেই সরকারি চাকরির দরজা খুলে যায়। আমি সেই রকম একটি কোর্সে ভর্তি হই। বিভিন্ন পরীক্ষার প্রস্তুতি নিই। প্রথম প্রথম একটু অসুবিধে হত। কিন্তু কিছুদিন ক্লাস করার পরই একটা সিস্টেমে পড়ে গেলাম। নিয়মিত ক্লাস করা, পড়া পরীক্ষা দেওয়া। সবই নির্দিষ্ট সময় মেপে। এখানে পড়া ফেলে রাখার কোনো প্রশ্নই নেই। তার মানেই তুমি পিছিয়ে গেলে। তাই নির্দিষ্ট সিলেবাস ধরে, সময় সূচি মেনে পড়ে যেতাম। স্যাররা সব সময় প্রেরণা দিতেন। বলতেন, হারলে চলবে না জিততেই হবে। তোমার সাফল্য তোমার হাতেই। এমন সব কথাবার্তা আমাকে সব সময় অনুপ্রাণিত করত। আজ সফল হয়ে, মনে হচ্ছে প্রচেষ্টা বৃথা যায়নি। কখনও মনোবল হারাইনি কখনও হীনম্মন্যতায় ভুগিনি। সব সময় বিশ্বাস ছিল আমাকে পারতেই হবে। সেই জেদ ও কঠোর পরিশ্রমই আমাকে সাফল্যের পথ চিনিয়ে দিল।

**সোমনাথ অধিকারী, ঠিকানা-** নীলকুঠি, রেলঘুমটি, কোচবিহার
**সাফল্য-** Krishi Proyukti Sahayak

## বাবা মা-র উৎসাহ ছিল প্রবল



সাধারণ মধ্যবিত্ত পরিবারে বড় হয়ে ওঠা। বাবা-মা সব সময় বলতেন জীবনে নিজের পায়ে দাঁড়াতে। তার জন্য চাই একটা নির্দিষ্ট লক্ষ্য নিয়ে এগিয়ে যাওয়া। তাঁদের উৎসাহে ও পাশে থেকে নানাবিধ সহায়তার কথা কোনোদিন ভোলার নয়। পরিবারের সহযোগিতাতেই আজ আমি একটা নয়, দু-দুটো সরকারি চাকরিতে কোয়ালিফাই করতে পেরেছি। সেই সঙ্গে পেয়েছিলাম রাইস-এ পড়ার সুযোগ। রাইসই আমায় সঠিক পথ চিনিয়ে দিল। কী করে পড়লে এবং কতটা পড়লে সফল হওয়া যায় তা জেনেছি এখানে এসেই। রোজ ক্লাস করতে হত বিভিন্ন বিষয়ে। স্যাররা সিলেবাস অনুযায়ী গাইড করেছেন। এখানে ভর্তি না হলে এত সহজে সাফল্য মিলত কিনা সন্দেহ। মোটিভেশন ক্লাস মনের জোর বাড়িয়ে দিয়েছিল। সরকারি চাকরির পরীক্ষায় সাহস ও একাগ্রতার অত্যন্ত জরুরি। তোমরাও সাহস করে নিজের প্রস্তুতিকে সাফল্যের দিকে নিয়ে যাও। প্রথম দিকে আমারও অনেক দুর্বলতা ছিল সেগুলি স্যাররা কাটিয়ে দিয়েছিলেন। তোমরাও স্যারদের পরামর্শ হুবহু পালন করে যাও।

**মৃণ্ময় পাটোয়ারী, ঠিকানা-** মাথাভাঙা, কোচবিহার
**সাফল্য-** 1. Krishi Proyukti Sahayak,
2. Primary School, Asst. Teacher


**অন্যান্য রাজ্যে RICE-এর সেন্টার**

NEW DELHI
- 116 & 118 MALL ROAD ✆ 8336959049

ASSAM
- BHANGAGARH (GUWAHATI) ✆ 9854001300 / 0361-2457700
- MALIGAON (GUWAHATI) ✆ 0361-2670302/ 7086732935
- PANBAZAR (GUWAHATI) ✆ 9435553544
- SILCHAR ✆ 03842 260204 / 9085245711
- BONGAIGAON ✆ 03664 230382
- DIBRUGARH ✆ 0373-2321764 / 7086027777

BIHAR
- BHAGALPUR ✆ 0641-2300214 / 9431274563
- KATIHAR ✆ 06452242375 / 9308141357
- RAJENDRA NAGAR (PATNA) ✆ 7070895312 / 8521430349

**COURSES OFFERED : WBCS | General Combined ( Bank, Rail, PSC, LIC, Staff Selection WB/Kolkata Police etc.)**

- হেড অফিস - 'দিশারী হাউস', ১১/১, বি টি রোড, রথতলা, কলকাতা-৭০০০৫৬ ✆ 8479902085 / 9874714431
- সিটি অফিস - শিয়ালদহ 'রোহিণী ভবন', ৫৮এ, এ পি সি রোড, কলকাতা-৭০০০০৯ ✆ 8479917959 / 8479918013

| | | | | | |
|---|---|---|---|---|---|
| কলকাতা-তপসিয়া | 8336986217 | আসানসোল | 8479900577 | শিলিগুড়ি | 8479917965 / 9434139921 |
| বারাসাত | 8479900574 | দুর্গাপুর | 8479900578 / 9832051767 | মালদা | 8479917953 |
| বেহালা | 8336986229 / 8479917961 | বাঁকুড়া | 9434003132 / 8670530269 | কোচবিহার | 8479900576 |
| হাওড়া ময়দান | 8479917956 | পুরুলিয়া | 03252- 222063 / 9007385993 | জলপাইগুড়ি | 9434412729 / 8145314151 |
| সোনারপুর | 8479917962 | ঝাড়গ্রাম | 8145113362, 8145113375 | আলিপুরদুয়ার | 03564-255588 / 9593171312 |
| বসিরহাট | 7872112977 / 03217-267722 | খড়গপুর | 8479917955 / 03222650961 9434416810 | দার্জিলিং | 7384577210 / 7407459533 |
| চুঁচুড়া | 033-26860025 / 9432368272 | | | | |
| আরামবাগ | 8373087710 / 03211-256335 | মেদিনীপুর | 8479917954 | | |
| বোলপুর | 7318673122 / 9903870029 | তমলুক | 8479917957 | | |
| বর্ধমান | 8479900575 / 9883150550 | বহরমপুর | 8479917952 / 9434222810 | | |

- বারাসাত - রাইস রেসিডেন্সিয়াল : A K C, Barasat-Barrackpore Road, PO-Jagannathpur, Kol-126 ✆ 8479918032 / 033 6533 0064

For more details on RICE Group visit the page of Prof. Samit Ray. • https://www.facebook.com/samitrayricegroup/?fref=ts
• https://www.facebook.com/riceeducationindia • www.riceindia.org

রবিবারও রাইস-এর সমস্ত সেন্টার খোলা থাকে।

RICE EDUCATION

IAS / IPS এবং Judicial Service

RICE-এর Kolkata-Topsia অফিসে IAS / IPS-এ ভর্তি চলছে। ৮৬এ, তপসিয়া রোড, সেকেন্ড ফ্লোর, কলকাতা-৪৬ ✆ 8336986217


Daily PDF Download: http://www.gksolve.com

Daily PDF Download: http://www.gksolve.com



## জাতীয়

**২৯ অক্টোবর:** পদাতিক বাহিনীর আধুনিকীকরণে ৪০ হাজার কোটি টাকা ব্যয় করা হবে বলে জানাল সেনাবাহিনী। ৭ লক্ষ রাইফেল, ৪৪ হাজার লাইট মেশিনগান, ৪৫ হাজার কার্বাইন কেনা হবে বলে জানানো হয়েছে।

- পাঞ্জাবে পেনশন কেলেঙ্কারি নিয়ে তদন্তের নির্দেশ দিলেন মুখ্যমন্ত্রী অমরিন্দর সিং। পেনশন প্রাপকের তালিকায়প্রায় ৬৫ হাজার ব্যক্তির নাম মৃত্যুর পরও রয়ে গেছে বলে অভিযোগ।
- ৪৩১ জন পাক সংখ্যালঘু ব্যক্তি অধিকাংশই হিন্দু ভারতে দীর্ঘকালীন ভিসা পেলেন। ভারতে তাঁরা প্যান কার্ড, আধার কার্ড পাবেন এবং এদেশে সম্পত্তি কিনতেও পারবেন।

**৩০ অক্টোবর:** ভারত সফরে এলেন ইতালির প্রধানমন্ত্রী পাওলো জেন্তিলোনি। দশ বছর পর ইতালির কোনো প্রধানমন্ত্রী ভারত সফরে এলেন। এদিন নয়াদিল্লির হায়দরাবাদ হাউসে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মেদীর সঙ্গে তাঁর বৈঠক হল। বিনিয়োগ, রেল সুরক্ষা, দ্বিপাক্ষিক বাণিজ্য, শক্তি ইত্যাদি ৬টি বিষয়ে দ্বিপাক্ষিক চুক্তি হল এবং প্রকাশিত হল যৌথ বিবৃতি। প্রসঙ্গত, ২০১২ সালে ভারত মহাসাগরে দুই ইতালীয় সেনার গুলিতে ভারতের দুই মৎস্যজীবীর মৃত্যু এবং ওই দুই সেনার বিচার ঘিরে দুদেশের সম্পর্কের অবনতি হয়েছিল।

- ইরানের চাবাহার বন্দরের মাধ্যমে আফগানিস্তানে পণ্য সরবরাহ শুরু করল ভারত। পাকিস্তানকে এড়িয়ে আফগানিস্তানে পণ্য পাঠাতে ভারতের দীর্ঘ প্রচেষ্টা অবশেষে সফল হল।
- এনআইএ-র নতুন ডিরেক্টর জেনারেল হলেন যোগেশচন্দ্র মেদী।
- সুপ্রিম কোর্টে আধার সংক্রান্ত মামলার সংখ্যা এখন ২২। এই সব মামলার শুনানি সাংবিধানিক বেঞ্চে হবে বলে জানালেন প্রধান বিচারপতি দীপক মিশ্র।



ভারত সফরে ইতালির প্রধানমন্ত্রী পাওলো জেন্তিলোনি।

**৩১ অক্টোবর:** প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর ৩৩তম মৃত্যু বার্ষিকী এবং লৌহমানব সর্দার বল্লভ ভাই প্যাটেলের ১৪২তম জন্মবার্ষিকী পালিত হল। সর্দার প্যাটেলের সম্মানে এদিন 'রান ফর ইউনিটি' দৌড়ের আয়োজন হল দেশজুড়ে।

- মধ্যপ্রদেশে 'ব্যাপম' দুর্নীতি মামলায় চাজর্শিট দিল সিবিআই। তারা শিবরাজ সিং চৌহানকে ক্লিনচিট দিল।

**১ নভেম্বর:** অভিযুক্ত জনপ্রতিনিধিদের বিরুদ্ধে জমে থাকা মামলার নিষ্পত্তিএক বছরের মধ্যে করতে হবে এবং এজন্য বিশেষ আদালত গঠন করতে হবে। কেন্দ্রকে এই নির্দেশ দিল সুপ্রিম কোর্ট। দাগি রাজনীতিকদের সারা জীবনের জন্য ভোটে দাঁড়াবার অধিকার কেড়ে নেওয়ার প্রয়াসে নির্বাচন কমিশন সর্বোচ্চ আদালতে যে আবেদন জানিয়েছিল তার পরিপ্রেক্ষিতেই এই উদ্যোগ।

- এমটিপিসি-র তাপবিদ্যুৎ কেন্দ্রে বয়লার ফেটে ২০ জনের মৃত্যু হল। শতাধিক কর্মী জখম হয়েছেন এই ঘটনায়। উত্তর প্রদেশের রায়বেরিলিতে উচাহার প্ল্যান্টে এই দুর্ঘটনা ঘটেছে। ১৯৮৮ সালে উৎপাদন শুরু হয়েছিল এই বিদ্যুৎকেন্দ্রে।

**২ নভেম্বর:** জম্মু ও কাশ্মীরের সাম্বা সেক্টরে আন্তর্জাতিক সীমান্তে পাক রেঞ্জার্স বাহিনীর হানায় ৩ জওয়ানের মৃত্যু হল।

- রায়বেরিলির এনটিপিসি-র তাপবিদ্যুৎ কেন্দ্রে বয়লার বিস্ফোরণে মৃতের সংখ্যা বেড়ে হল ২৯।
- লে থেকে ২৩০ কিমি দূরে ১৯৩০০ ফুট উচ্চতায় একটি নতুন রাস্তা তৈরি করল ভারতের বর্ডার রোডস অর্গানাইজেশন। এটি ভারতের সবথেকে উঁচু গাড়ি চলার রাস্তা।
- হিমাচল প্রদেশে ভারত ও কাজাখস্তানের সেনাদের যৌথ মহড়া হল। এর নাম 'প্রবাল দোস্তয়াক ২০১৭'।
- ভারতের বিতর্কিত ধর্মপ্রচারক জাকির নায়েককে স্থায়ী নাগরিকত্ব দিল মালয়েশিয়া।

**৩ নভেম্বর:** জাকির নাইককে ভারতে ফিরিয়ে আনতে মালয়েশিয়া সরকারের কাছে দাবি জানানো হবে বলে জানাল ভারতের বিদেশ মন্ত্রক। মালয়েশিয়ায় জাকির নাইক প্রকাশ্যে অনুষ্ঠান করছেন।

- ভারতে পরবর্তী মার্কিন রাষ্ট্রদূত কেনেথ জাস্টার হচ্ছেন বলে এদিন জানাল মার্কিন সেনেট।
- ভারত সফররত ভুটানরাজ জিগমে ওয়াংচুকের সঙ্গে বৈঠক করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মেদী।
- ২০১৬ সালের ৮ নভেম্বর ৫০০ ও ১০০০ টাকার নোট বাতিলের সিদ্ধান্ত সাংবিধানিকভাবে বৈধ কিনা তা ৫ জন বিচারপতির সাংবিধানিক বেঞ্চ খতিয়ে দেখবে বলে জানাল সুপ্রিম কোর্ট।

**৪ নভেম্বর:** প্রয়াত ফিল্ড মার্শাল কোডান্ডেরা মাডাপ্পা কারিয়াপ্পাকে মরণোত্তর ভারতরত্ন দেওয়ার প্রস্তাব করলেন সেনাপ্রধান বিপিন রাওয়াত। স্বাধীন ভারতের প্রথম 'কম্যান্ডার ইন চিফ' ছিলেন কারিয়াপ্পা। তবে প্রকাশ্য এক সভায় রাওয়াত এমন প্রস্তাব করায় বিতর্ক দেখা দিয়েছে।

- জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভালের পুত্র শৌর্য দোভাল পরিচালিত 'ইন্ডিয়া ফাউন্ডেশন' সংস্থায় স্বার্থের সংঘাত ঘটার অভিযোগ উঠল। ওই সংস্থায় ইজরায়েল, মার্কিন যুক্তরাষ্ট্রের এমন কিছু সংস্থা অর্থ দিয়েছে যারা ভারতের সঙ্গে প্রতিরক্ষা, বাণিজ্যে যুক্ত বলে অভিযোগ।
- বিহারে বেগুসরাইয়ের সিমারিয়া ঘাটে রাস পূর্ণিমার পুণ্যস্থানে পদপিষ্ট হয়ে ৩ প্রৌঢ়ার মৃত্যু হল।

## আন্তর্জাতিক

**২৯ অক্টোবর:** ১৯৮৯ সালের ১০ আগস্ট ঢাকার ধানমন্ডিতে শেখ হাসিনাকে খুনের চেষ্টা হয়েছিল। সেই মামলায় বাংলাদেশ ফ্রিডম পার্টির ১১ জন সমর্থককে ২০ বছরের কারাদণ্ড দিল আদালত।

- সোমালিয়ার রাজধানী মোগাদিশুতে একটি হোটেলে আত্মঘাতী বিস্ফোরণে মৃত্যু হল ২৩ জনের। ৫ জঙ্গি হোটেলে গুলি বর্ষণ করে। টানা লড়াইয়ের পর হোটেলটিকে মুক্ত করতে সমর্থ হল সেনাবাহিনী।
- বিক্ষোভের বিপরীত দৃশ্য এবার দেখা গেল ক্যাটালোনিয়ায়। স্পেন থেকে বিচ্ছেদের প্রস্তাবিত স্বাধীনতার বিরুদ্ধে অন্তত ১০,০০০ জন বিক্ষোভ দেখালেন বার্সেলোনায়। ইতিমধ্যে ক্যাটালোনিয়া প্রদেশের রাষ্ট্রপতি কার্লেস পুইগদেমন্তকে রাজনৈতিক আশ্রয় দেওয়ার ইচ্ছা প্রকাশ করল বেলজিয়াম। ক্যাটালোনিয়া স্বাধীন না হলে স্পেন তাঁকে রাষ্ট্রদ্রোহিতার শাস্তি দিতে পারে বলে শোনা যাচ্ছে।



মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প।

- পুনরায় আইসল্যান্ডের প্রধানমন্ত্রী হচ্ছেন বার্নি বেনেডিক্টসন। তাঁর দল ইন্ডিপেন্ডেন্ট পার্টি একক সংখ্যাগরিষ্ঠ দলের মর্যাদা পেল।

**৩০ অক্টোবর:** দুর্নীতি দমন মামলায় পাকিস্তানের অর্থমন্ত্রী ইশক দারের বিরুদ্ধে জামিনযোগ্য গ্রেপ্তারি পরোয়ানা জারি করল আদালত। চিকিৎসার কারণে ইশক দারও লন্ডনে রয়েছেন।

- ২০১৮ সালের জুন মাস থেকে মেয়েরা স্টেডিয়ামে গিয়ে খেলা দেখতে পারবে বলে জানাল সৌদি আরব।
- ২০১৬ সালে বিশ্বের বায়ুমণ্ডলে কার্বন ডাই অক্সাইডের ঘনত্ব যে পরিমাণ বেড়েছে তা গত ৩০-৫০ লক্ষ বছরে বেনজির বলে দাবি করল ওয়ার্ল্ড মেটিওরোজিক্যাল অর্গানাইজেশন। বিশ্বের ৫১ দেশে সমীক্ষা চালিয়ে তারা দাবি করেছে এক বছরে ওই ঘনত্ব ৩.৩ পিপিএম বেড়েছে। গত ১০ বছরে গড় বৃদ্ধির থেকে তা ৫০ শতাংশ বেশি।

**৩১ অক্টোবর:** উত্তর কোরিয়ায় সুড়ঙ্গ ধসে অনন্তত ২০০ জনের মৃত্যু হয়েছে। এঁদের মধ্যে শ্রমিক ১০০ জন, উদ্ধারকারী ১০০ জন। গত ৩ সেপ্টেম্বর পিয়ংইয়ং পরমাণু বোমা পরীক্ষার জেরে যে ভূমিকম্প হয়েছিল তাতেই সুড়ঙ্গটি ধসে পড়েছিল বলে মনে করা হচ্ছে। তখন রিখটার স্কেলে ওই কম্পনের তীব্রতা ছিল ৬.৩ শতাংশ। এই ঘটনা এদিন জানা গেছে। প্রসঙ্গত, ওই পরমাণু বিস্ফোরণের তীব্রতায় মাউন্ট মান্তাপের অবস্থানও বদলে গেছে বলে জানানো হয়েছে।

- প্যালেস্তাইন জঙ্গিদের একটি গোপন সুড়ঙ্গ উড়িয়ে দিল ইজরায়েল সেনা। গাজায় এই ঘটনায় জঙ্গি গোষ্ঠী হামাসের এক শীর্ষনেতা সহ ৭ জঙ্গির মৃত্যু হল।
- মার্কিন সেনাবাহিনীতে রূপান্তরকামীদের প্রবেশাধিকার বাতিল করার যে উদ্যোগ নিয়েছিলেন মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প, তা খারিজ করে দিল মার্কিন ফেডেরাল কোর্ট।

**১ নভেম্বর:** ফের জঙ্গিহানার শিকার হল নিউইয়র্ক। নিউইয়র্কের ম্যানহাটনে স্টুয়েভেসান্ট হাইস্কুলের পাশে সাইকেল চালানোর রাস্তায় ট্রাক চালিয়ে ১৯ জনকে পিষে দেওয়া হল। ৮ জন প্রাণ হারিয়েছেন এই ঘটনায়, জখম হয়েছেন ১১ জন। নিহতদের মধ্যে ৫ জন আর্জেন্টিনার নাগরিক। পুলিশের গুলিতে জখম হয়েছে ঘাতক গাড়ির চালক সইফুল্লা হাবিবুল্লাইভিক সাইপোভ। সে উজবেক বংশোদ্ভূত। গাড়িতে ইসলামিক স্টেট জঙ্গি গোষ্ঠীর কাগজ ছিল যেখানে এই হামলার দায়িত্ব নেওয়ার কথা বলা হয়েছে।

- মিশরের সীমান্ত ঘেঁষা গাজা ভূখণ্ডের নিয়ন্ত্রণ প্যালেস্তাইন সরকারের হাতে অবশেষে তুলে দিল কট্টরপন্থী ইসলামি সংগঠন হামাস।
- ক্যামেরুনে আত্মঘাতী বিস্ফোরণে মৃত্যু হল ৫ শিশুর। এক্ষেত্রে এক শিশুকে মানববোমা করা হয়েছিল। বোকো হারাম জঙ্গিরা এই নৃশংস ঘটনা ঘটিয়েছে।
- ১৯৭১ সালের ৭ মার্চ শেখ মুজিবুর রহমানের স্বাধীনতার লক্ষ্যে প্রদত্ত ঐতিহাসিক ভাষণকে 'ডকুমেন্টারি হেরিটেজ' এবং 'মেমরি অব দ্য ওয়ার্ল্ড' সম্মান জানাল ইউনেস্কো।

**২ নভেম্বর:** নিউইয়র্কে ৯৮ বছর বয়সে প্রয়াত হলেন পাকিস্তানের কয়েদ ই আজম মহম্মদ আলি জিন্নার মেয়ে দিনা ওয়াদিয়া। জিন্না এবং পার্সি পরিবারের মেয়ে রতনবাইয়ের সন্তান তিনি। ১৯১৯ সালের ১৫ আগস্ট তাঁর জন্ম। দিনাও বিয়ে করেছিলেন মুম্বইয়ের শিল্পপতি তথা পার্সি পরিবারের নেভিল ওয়াদিয়াকে।

- মায়ানমারের 'স্টেট কাউন্সিলর' আং সান সুকি রাখাইন প্রদেশে সফর করলেন। তবে রোহিঙ্গাদের নিয়ে তিনি মুখ খোলেননি।
- ইস্তফা দিলেন ব্রিটিশ প্রতিরক্ষা সচিব মাইকেল ফ্যালন। তাঁর বিরুদ্ধে মহিলাদের লাঞ্ছনা করার অভিযোগ উঠেছিল।
- গিজার পিরামিডে নতুন একটি ঘর খুঁজে পেলেন পুরাতাত্ত্বিকরা। তবে ঘরে প্রবেশের পথ আবিষ্কার করা যায়নি। এই পিরামিডের বয়স অন্তত ৪৫০০ বছর।

**৩ নভেম্বর:** সিরিয়ার ডেইর এজজোর শহরটি আইএস জঙ্গিদের থেকে উদ্ধার করল সিরীয় সেনা। সিরিয়ায় এটিই ছিল ওই জঙ্গিদের শেষ বড় ঘাঁটি।

- রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে ক্যাটালোনিয়া প্রদেশের ৮ মন্ত্রীকে গ্রেপ্তার করল স্পেন প্রশাসন।। ২১ ডিসেম্বর গণভোটের আগেই এই পদক্ষেপ নেওয়া হল। ক্যাটালোনিয়ার পদচ্যুত প্রেসিডেন্ট কার্ল পুইদর্ম আগেই বেলজিয়ামে রাজনৈতিক আশ্রয় নিয়েছেন।
- সৌদি আরবের লেখিকা বদরিয়া আল বিশরের 'থার্সডেজ ভিজিটরস' উপন্যাসটি নিষিদ্ধ করল প্রশাসন। অভিযোগ, মহিলাদের পছন্দের কিছু বিষয় খোলাখুলি লেখা হয়েছিল বইটিতে।

**৪ নভেম্বর:** ক্যাটালোনিয়া প্রদেশের পদচ্যুত রাষ্ট্রপতি কার্লেস পুইগদেমন্ত্-এর বিরুদ্ধে ইউরোপীয় আইনে গ্রেপ্তারি পরোয়ানা জারি করল স্পেনের সংসদ।

- সাইবার হ্যাকিংয়ের শিকার হল মালয়েশিয়া। সেখানকার ৪ কোটি ৬০ লক্ষ মোবাইল ফোন গ্রাহকের ব্যক্তিগত তথ্য চুরি গেল। ঘটনার তদন্ত শুরু করেছে মালয়েশিয়ান কমিউনিকেশনস অ্যান্ড মাল্টি মিডিয়া কমিশন।
- দীর্ঘতম এশিয়া সফর শুরু করলেন মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প। ১১ দিনের সফরে তিনি জাপান, দক্ষিণ কোরিয়া, চিন, ভিয়েতনাম ও ফিলিপিন্স যাবেন।

## বিবিধ

**২৯ অক্টোবর:** কয়লা উত্তোলন ও জোগান বাড়াতে কোল ইন্ডিয়াকে নির্দেশ দেওয়া হয়েছে বলে জানালেন কয়লা সচিব সুশীল কুমার। বর্তমানে প্রতিদিন ১৬ লক্ষ টন কয়লা তোলা হয় যা বাড়িয়ে ২০ লক্ষ টন করতে বলা হয়েছে। খনিমুখে মজুত (এখন যার পরিমাণ ৩ কোটি টন) কয়লার পরিমাণ শূন্যে নামিয়ে আনতে বলা হল কোল ইন্ডিয়াকে। প্রসঙ্গত, দেশের বিদ্যুৎ কেন্দ্রগুলিতে কয়লার চাহিদা বৃদ্ধির জন্য এই সিদ্ধান্ত বলে জানানো হল।

**৩০ অক্টোবর:** চালকহীন বাস পরিষেবা চালু হল জার্মানিতে। সরকারি রেল পরিবহন সংস্থা ডয়েশ বান এই পরিষেবা চালু করল।

- টুজি মোবাইল পরিষেবা বন্ধের সিদ্ধান্ত আগেই জানিয়েছিল রিলায়েন্স কমিউনিকেশন্স। এবার তারা সংস্থার সিংহভাগ মালিকানা ঋণদাতা সংস্থাগুলির হাতে তুলে দেওয়ার সিদ্ধান্ত জানাল। প্রসঙ্গত, সংস্থার ঋণ ৪৫ হাজার কোটি টাকা। এর মধ্যে ৭০০০ কোটি টাকার শেয়ার স্টেট ব্যাঙ্ক সহ ঋণদাতা সংস্থাগুলিকে দিতে চায় তারা।
- শহর এলাকার গৃহহীন পরিবারের জন্য ফ্ল্যাট তৈরি করে দেওয়ার সিদ্ধান্ত নিল পশ্চিমবঙ্গ সরকার। এই প্রকল্পের নাম 'বাংলার বাড়ি'। এতদিন গৃহহীন পরিবারকে বাড়ি তৈরি করে দিত সরকার যে প্রকল্পের নাম 'নিজ ভূমি নিজ গৃহ'।

**৩১ অক্টোবর:** চলতি অর্থবর্ষের প্রথম ৬ মাসেই রাজকোষ ঘাটতি লক্ষ্যমাত্রার ৯১.৩ শতাংশ হল। চলতি বছরে জাতীয় আয়ের ৩.২ শতাংশ রাজকোষ ঘাটতি রাখার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

- খবরে প্রকাশ দেশে পরিকাঠামো শিল্পে সেপ্টেম্বরে বৃদ্ধির হার ছিল ৫.২ শতাংশ যা গত ৬ মাসে সবথেকে বেশি।
- 'ঈজ অব ডুয়িং বিজনেস' তালিকায় বিশ্বের ১৯০টি দেশের মধ্যে ভারত ১০০তম স্থান পেল। সহজে ব্যবসা করার সুযোগ-সুবিধা বিচার করে এই তালিকা প্রকাশ করেছে বিশ্বব্যাঙ্ক।



কৃষ্ণা সবতি ২০১৭ সালে সাহিত্যে জ্ঞানপীঠ পুরস্কার পাচ্ছেন বলে ঘোষিত হল।

**১ নভেম্বর:** মাত্র ৮ দিনে শেয়ার সূচক সেনসেক্স ১২১০.৩০ অঙ্ক বাড়ল।

- নয়াদিল্লির হোটেল জনপথকে রাষ্ট্রায়ত্ত পর্যটন সংস্থা আইটিডিসি তাদের হাত থেকে তুলে দিল কেন্দ্রীয় আবাসন ও নগরোন্নয়ন মন্ত্রকের হাতে। এই হোটেলে সরকারি দপ্তর খোলার সিদ্ধান্ত আগেই নিয়েছিল কেন্দ্র।
- ভর্তুকিযুক্ত রান্নার গ্যাস সিলিন্ডারের দাম ৪.৫০ টাকা বাড়ানো হল। ভর্তুকিহীন ও ভর্তুকিযুক্ত সিলিন্ডারের দাম হল যথাক্রমে ৭৫৯.৫০ ও ৪৯৮ টাকা।

**২ নভেম্বর:** সব ধরনের ঋণে সুদ কমানোর সিদ্ধান্ত জানাল ভারতের স্টেট ব্যাঙ্ক।

**৩ নভেম্বর:** মার্কিন শীর্ষ ব্যাঙ্ক ফেডারেল রিজার্ভের প্রধান পদে জেরোম পাওয়েলকে নিযুক্ত করলেন মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প।

- বিদেশে কর্মরত ভারতীয় নাগরিকরাও এখন থেকে চাইলে ভারতের প্রভিডেন্ট ফান্ডে টাকা জমা করতে পারবেন বলে জানাল পিএফ কর্তৃপক্ষ।
- দূরশিক্ষা ব্যবস্থায় প্রযুক্তিবিদ্যার শিক্ষা দেওয়া যাবে না বলে রায় দিল সুপ্রিম কোর্ট।

**৪ নভেম্বর:** ইনফোসিস প্রতিষ্ঠাতা নাগাভারা রামরাও নারায়ণমূর্তিকে নবম সমাবর্তনে সাম্মানিক ডিএসসি দেওয়ার সিদ্ধান্ত জানাল মৌলানা আবুল কালাম আজাদ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

- কৃষ্ণা সবতি ২০১৭ সালে সাহিত্যে জ্ঞানপীঠ পুরস্কার পাচ্ছেন বলে ঘোষিত হল। হিন্দি ভাষায় সাহিত্য চর্চার স্বীকৃতিতে তিনি এই সম্মান পাচ্ছেন। ১৯২৫ সালে গুজরাটে জন্মগ্রহণ করেন তিনি।
- নয়াদিল্লির ইন্ডিয়া গেটে 'ওয়ার্ল্ড ফুড ইন্ডিয়া' উৎসবে নয়া নজির গড়া হল। বিশ্ব খাদ্য উৎসবে এদিন ৯১৮ কেজি খিচুড়ি রান্না হল। বিশিষ্ট শ্যেফ সঞ্জীব কাপুর সহ দশজন রাঁধুনি ৭ ফুট ব্যাসার্ধের কড়াইয়ে ওই খিচুড়ি রান্না করলেন। উপস্থিত ছিলেন গিনেস বুক প্রতিষ্ঠানের সদস্যরা।
- মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম দপ্তরের তথ্য, সেদেশে কর্মহীনতার হার ৪.১ শতাংশ। এই হার গত ১৭ বছরে সর্বনিম্ন।

Daily PDF Download: http://www.gksolve.com

Daily PDF Download: http://www.gksolve.com



# খেলাধুলা

**২৯ অক্টোবর:** ব্যাডমিন্টনে ফরাসি ওপেন সুপার সিরিজ চ্যাম্পিয়ন হলেন ভারতের কিদাম্বি শ্রীকান্ত। প্যারিসে ফাইনালে ২১-১৪, ২১-১৩ ব্যবধানে তিনি হারালেন জাপানের কেন্টা নিশিমোতোকে। গত সপ্তাহেই তিনি ডেনমার্ক ওপেন খেতাব জিতেছিলেন। চলতি বছরে এটি তাঁর চতুর্থ সুপার সিরিজ জয়। এই প্রতিযোগিতায় তিনি ছিলেন অষ্টম বাছাই।

- কানপুরে নিউজিল্যান্ডের বিরুদ্ধে নির্ণায়ক তৃতীয় ম্যাচে ৬ রানে জয়ী হল ভারত। এদিন জোড়া শতরান করলেন রোহিত শর্মা ও বিরাট কোহলি। রোহিত শর্মার (১৪৭) এটি একদিনের ম্যাচে পঞ্চদশ শতরান। ম্যান অব দ্য ম্যাচ হলেন তিনি। বিরাট কোহলির (১১৩) এটি ৩২তম শতরান।তিনি ম্যান অব দ্য সিরিজ হলেন। একদিনের ক্রিকেটে ১৯৪ ইনিংসে ৯০০০ রান পূর্ণ করে ফেললেন তিনি যা বিশ্বে দ্রুততম। এ বি ডিভিলিয়ার্স ২০৪ ইনিংসে ৯০০০ রান করেছিলেন। ১৯তম ক্রিকেটার (ভারতে ষষ্ঠ) হিসাবে তিনি একদিনের ক্রিকেটে ৯০০০ রান করলেন। একদিনের ক্রিকেটে অধিনায়ক হিসাবে এক ক্যালেন্ডার বর্ষে সর্বোচ্চ রানের (১৪৬০) নতুন রেকর্ড গড়লেন কোহলি। তিনি ভাঙলেন রিকি পন্টিংয়ের ১৪২৪ রানের রেকর্ড। এদিন ভারত নিউজিল্যান্ডের বিরুদ্ধে একদিনের সিরিজও ২-১ ব্যবধানে জিতে নিল। পরপর ৭টি একদিনের সিরিজ জিতে নতুন নজির গড়ল ভারতও।
- তৃতীয় স্থান নির্ণয়ের ম্যাচে মালয়েশিয়াকে হারিয়ে সুলতান জোহর কাপ জুনিয়র হকি প্রতিযোগিতায় ব্রোঞ্জ জিতল ভারত।

**৩০ অক্টোবর:** চলতি মরসুমে ফর্মুলা ওয়ানে বিশ্ব চ্যাম্পিয়ন হলেন লুইস হ্যামিলটন। এদিন মেক্সিকো গ্রঁ প্রিতে নবম হয়েই খেতাব জিতলেন তিনি। এই নিয়ে চতুর্থবার বিশ্ব চ্যাম্পিয়ন হলেন তিনি। এর আগে ২০০৮, ২০১৪, ২০১৫ সালেও বিশ্ব চ্যাম্পিয়ন হয়েছিলেন তিনি। তাঁর খেতাব সংখ্যা হল ৬২।



বিরাট কোহলি

- আইসিসি একদিনের ক্রিকেটে ব্যাটিং শীর্ষ ক্রম ফিরে পেলেন বিরাট কোহলি। ৮৮৯ পয়েন্ট পেয়ে তিনি টপকে গেলেন শচীন তেন্ডুলকরের ৮৮৭ পয়েন্টের রেকর্ডও। এতদিন ভারতীয় ব্যাটসম্যানদের মধ্যে শচীনের পয়েন্টই ছিল সর্বোচ্চ। ভারতের মহিলা ক্রিকেট দলের ক্যাপ্টেন মিতালি রাজও আইসিসি ব্যাটিং র‍্যাঙ্কিং-এ শীর্ষস্থান পেলেন।
- সুইস ইন্ডোর ওপেনে চ্যাম্পিয়ন হলেন রজার ফেডেরার।

**৩১ অক্টোবর:** ব্রিসবেনে আয়োজিত কমনওয়েলথ শ্যুটিং চ্যাম্পিয়নশিপে সোনা জিতলেন ভারতের হিনা সিদ্ধু। তিনি ১০ মিটার এয়ার পিস্তল ইভেন্টে সোনা জিতলেন। ১০ মিটার এয়ার রাইফেলে ব্রোঞ্জ জিতলেন ভারতের দীপক কুমার।

- অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন গত ২১ ডিসেম্বর নির্বাচন করে পদাধিকারীদের নিযুক্ত করেছিল। ওই নির্বাচনকে বাতিল করে দিল দিল্লি হাইকোর্ট। ফলে এআইএফএফ সভাপতি প্রফুল্ল প্যাটেল সহ সব পদাধিকারীই পদ হারালেন। নির্বাচনে বেনিয়মের অভিযোগে এই ব্যবস্থা নেওয়া হল।

**১ নভেম্বর:** প্রথম টি টোয়েন্টি ম্যাচে ভারত ৫৩ রানে হারাল নিউজিল্যান্ডকে। এদিন দিল্লির ফিরোজ শাহ কোটলায় ভারতের শিখর ধাওয়ান ও রোহিত শর্মা ওপেনিং জুটিতে রেকর্ড ১৫৮ রান করলেন। পূর্ব ঘোষণা মতো এদিন অবসর নিলেন ভারতীয় দলের নির্ভরযোগ্য পেসার আশিস নেহরা। ১৭টি টেস্ট, ১২০টি একদিনের ম্যাচ এবং ২৬টি আন্তর্জাতিক টি-২০ ম্যাচে তিনি যথাক্রমে ৪৪, ১৫৭ এবং ৩৪টি উইকেট নিয়েছেন। ১৯ বছরের কেরিয়ার তাঁর। ২০১১ সালে বিশ্বকাপজয়ী ভারতীয় দলের সদস্য ছিলেন নেহরা। শেষ ম্যাচে কোনো উইকেট পেলেন না তিনি।

- ব্রিসবেনে কমনওয়েলথ শ্যুটিং চ্যাম্পিয়নশিপে জোড়া সোনা জিতল ভারত। ছেলেদের ১০ মিটার এয়ার পিস্তলে সোনা, রুপো ও ব্রোঞ্জ জিতলেন ভারতের শাহজার রিজভি, ওঙ্কার সিং এবং জিতু রাই। মেয়েদের ১০ মিটার এয়ার রাইফেলে সোনা ও রুপো জিতলেন ভারতের পূজা ঘাটকর ও অঞ্জুম মোদগিল।

**২ নভেম্বর:** জীবনের সেরা র‍্যাঙ্কিং পেলেন কিদাম্বি শ্রীকান্ত। ব্যাডমিন্টনের বিশ্ব র‍্যাঙ্কিংয়ে তিনি পেলেন দ্বিতীয় ক্রম। তাঁর পয়েন্ট ৭৩৪০৩। এই প্রথম ভারতের কোনো পুরুষ শাটলার বিশ্ব র‍্যাঙ্কিংয়ে দ্বিতীয় ক্রম পেলেন। মেয়েদের বিশ্ব র‍্যাঙ্কিংয়ে দ্বিতীয় স্থান ধরে রেখেছেন পি ভি সিন্ধু।

- কমনওয়েলথ শ্যুটিংয়ে ৫০ মিটার রাইফেল প্রোন ইভেন্টে রুপো জিতলেন ভারতের গগন নারাঙ।

**৩ নভেম্বর:** কমনওয়েলথ শ্যুটিং চ্যাম্পিয়নশিপে ছেলেদের ৫০ মিটার পিস্তল ইভেন্টের তিনটি পদকই জিতল ভারত। সোনা, রুপো ও ব্রোঞ্জ পদক জিতলেন যথাক্রমে প্রকাশ নানজাপ্পা, আমন প্রীত সিং এবং জিতু রাই। ডাবল ট্রাপে সোনা জিতলেন অঙ্কুর মিত্তল। ৫ সোনা সহ ১৫টি পদক এখনও পর্যন্ত জিতেছে ভারত।

**৪ নভেম্বর:** রাজকোটে দ্বিতীয় টি টোয়েন্টি ম্যাচে ৪০ রানে ভারতকে হারিয়ে সিরিজে সমতা ফেরাল নিউজিল্যান্ড (১-১)। শতরান করলেন নিউজিল্যান্ডের কলিন মুনরো। ৫৮ বলে তাঁর সংগ্রহ অপরাজিত ১০৯ রান।

- জাপানের কাকামিগাহারায় আয়োজিত মহিলাদের এশিয়া কাপ হকিতে ফাইনালে উঠল ভারত। ফাইনালে তাদের প্রতিপক্ষ চিন। রানি রামপালের নেতৃত্বে ভারত কোয়ার্টার ফাইনালে ৭-১ গোলে কাজাখস্তানকে এবং সেমিফাইনালে গতবারের চ্যাম্পিয়ন জাপানকে ৪-১ গোলে হারিয়েছিল।
- আবুধাবিতে মেয়েদের ইউরোপিয়ান ট্যুর-এ ফতিমা বিন মুবারক ওপেন গল্ফ প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন ভারতের ১৯ বছর বয়সী খেলোয়াড় অদিতি অশোক। এ বছরে এটি তাঁর তৃতীয় খেতাব।



অদিতি অশোক

# উত্তর-পশ্চিম রেলে ১,১৬৪ অ্যাপ্রেন্টিস

☞ ১ পাতার পর

হাওড়া ডিভিশন, মালদা ও আসানসোল ডিভিশন, কাঁচরাপাড়া ডিভিশন সব শিয়ালদা, মধ্য রেল ও উত্তর-মধ্য রেলে ৬,১৮৫ অ্যাপ্রেন্টিস নিয়োগের খবর। **উত্তর-পশ্চিম রেলে শূন্যপদের বিন্যাস: ১) ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার্স অফিস (ডিআরএম), আজমির:** শূন্যপদ ১৫৩। ক্রমিক সংখ্যা ১: ফিটার অ্যান্ড
সিডব্লু: শূন্যপদ ২৪ (অসংরক্ষিত ১২, ওবিসি ৬, তপশিলি জাতি ৩, তপশিলি উপজাতি ৩)। ক্রমিক সংখ্যা ২: ডিজেল মেকানিক: শূন্যপদ ১২৯ (অসংরক্ষিত ৬৫, ওবিসি ৩৫, তপশিলি জাতি ১৯, তপশিলি উপজাতি ১০)।

**২) ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার্স অফিস (ডিআরএম অফিস), বিকানির:** মোট শূন্যপদ ১৬৮। ক্রমিক সংখ্যা ১: ফিটার (মেকানিক/ সিঅ্যান্ডডব্লু): শূন্যপদ ৯০ (অসংরক্ষিত ৪৫, ওবিসি ২৪, তপশিলি জাতি ১৪, তপশিলি উপজাতি ৭)। ক্রমিক সংখ্যা ২: ফিটার (ইলেক্ট্রিক্যাল): শূন্যপদ ৭৮ (অসংরক্ষিত ৩৯, ওবিসি ২১, তপশিলি জাতি ১২, তপশিলি উপজাতি ৬)।

**৩) ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার্স অফিস (ডিআরএম অফিস), জয়পুর:** মোট শূন্যপদ ৮৪। ক্রমিক সংখ্যা ১: ফিটার (মেকানিক্যাল/ সিঅ্যান্ডডব্লু): শূন্যপদ ৫৪ (অসংরক্ষিত ২৭, ওবিসি ১৫, তপশিলি জাতি ৮, তপশিলি উপজাতি ৪)। ক্রমিক সংখ্যা ২: ইলেক্ট্রিক: শূন্যপদ ১৫ (অসংরক্ষিত ৮, ওবিসি ৪, তপশিলি জাতি ২, তপশিলি উপজাতি ১)। ক্রমিক সংখ্যা ৩: এসঅ্যান্ডটি: শূন্যপদ ১৫ (অসংরক্ষিত ৯, ওবিসি ৩, তপশিলি জাতি ৩)।

**৪) ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার্স অফিস (ডিআরএম), যোধপুর:** মোট শূন্যপদ ৩৯। ক্রমিক সংখ্যা ১: ইলেক্ট্রিশিয়ান: শূন্যপদ ৯ (অসংরক্ষিত ৫, ওবিসি ২, তপশিলি জাতি ১, তপশিলি উপজাতি ১)। ক্রমিক সংখ্যা ২: মেকানিক ডিজেল: শূন্যপদ ৩০ (অসংরক্ষিত ১৫, ওবিসি ৮, তপশিলি জাতি ৫, তপশিলি উপজাতি ২)।

**৫) বিটিসি ক্যারেজ আজমির:** মোট শূন্যপদ ২১০। ক্রমিক সংখ্যা ১: ফিটার: শূন্যপদ ১০৮ (অসংরক্ষিত ৫৫, ওবিসি ২৯, তপশিলি জাতি ১৬, তপশিলি উপজাতি ৮)। ক্রমিক সংখ্যা ২: ওয়েল্ডার: শূন্যপদ ৩০ (অসংরক্ষিত ১৫, ওবিসি ৮, তপশিলি জাতি ৫, তপশিলি উপজাতি ২)। ক্রমিক সংখ্যা ৩: পেইন্টার: শূন্যপদ ৭২ (অসংরক্ষিত ৩৭, ওবিসি ১৯, তপশিলি জাতি ১১, তপশিলি উপজাতি ৫)।

**৬) বিটিসি লোকো আজমির:** মোট শূন্যপদ ১২৬। ক্রমিক সংখ্যা ১: ডিজেল মেকানিক : শূন্যপদ ৩০ (অসংরক্ষিত ১৫, ওবিসি ৮, তপশিলি জাতি ৫, তপশিলি উপজাতি ২)। ক্রমিক সংখ্যা ২: ফিটার: শূন্যপদ ৬৬ (অসংরক্ষিত ৩৩, ওবিসি ১৮, তপশিলি জাতি ১০, তপশিলি উপজাতি ৫)। ক্রমিক সংখ্যা ৩: ওয়েল্ডার: শূন্যপদ ৩০ (অসংরক্ষিত ১৫, ওবিসি ৮, তপশিলি জাতি ৫, তপশিলি উপজাতি ২)।

**৭) ক্যারেজ ওয়ার্কস শপ বিকানির:** মোট শূন্যপদ ৯০। ক্রমিক সংখ্যা ১: ফিটার: শূন্যপদ ৩০ (অসংরক্ষিত ১৫, ওবিসি ৮, তপশিলি জাতি ৫, তপশিলি উপজাতি ২)। ক্রমিক সংখ্যা ২: টার্নার: শূন্যপদ ১২ (অসংরক্ষিত ৬, ওবিসি ৩, তপশিলি জাতি ২, তপশিলি উপজাতি ১)। ক্রমিক সংখ্যা ৩: কার্পেন্টার: শূন্যপদ ১৫ (অসংরক্ষিত ৮, ওবিসি ৪, তপশিলি জাতি ২, তপশিলি উপজাতি ১)। ক্রমিক সংখ্যা ৪: ওয়েল্ডার: শূন্যপদ ৯ (অসংরক্ষিত ৫, ওবিসি ২, তপশিলি জাতি ১, তপশিলি উপজাতি ১)। ক্রমিক সংখ্যা ৫: ইলেক্ট্রিশিয়ান: শূন্যপদ ৯ (অসংর৭িত ৫, ওবিসি ২, তপশিলি জাতি ১, তপশিলি উপজাতি ১)। ক্রমিক সংখ্যা ৬: ওয়ারম্যান: শূন্যপদ ৯ (অসংরক্ষিত ৫, ওবিসি ২, তপশিলি জাতি ১, তপশিলি উপজাতি ১)। ক্রমিক সংখ্যা ৭: মেশিনিস্ট: শূন্যপদ ৬ (অসংরক্ষিত ৩, ওবিসি ২, তপশিলি জাতি ১)।

**৮) ক্যারেজ ওয়ার্কস শপ যোধপুর:** মোট শূন্যপদ ২৯৪। ক্রমিক সংখ্যা ১: ফিটার: শূন্যপদ ১২৩ (অসংরক্ষিত ৬২, ওবিসি ৩৩, তপশিলি জাতি ১৯, তপশিলি উপজাতি ৯)। ক্রমিক সংখ্যা ২: কার্পেন্টার: শূন্যপদ ৬৬ (অসংরক্ষিত ৩৩, ওবিসি ১৮, তপশিলি জাতি ১০, তপশিলি উপজাতি ২)। ক্রমিক সংখ্যা ৩: ওয়েল্ডার (জিঅ্যান্ডই): শূন্যপদ ৩৩ (অসংরক্ষিত ১৭, ওবিসি ৯, তপশিলি জাতি ৫, তপশিলি উপজাতি ২)। ক্রমিক সংখ্যা ৪: পেইন্টার (জেনারেল): শূন্যপদ ৩৯ (অসংরক্ষিত ১৯, ওবিসি ১১, তপশিলি জাতি ৬, তপশিলি উপজাতি ৩)। ক্রমিক সংখ্যা ৫: এমএমটিএম: শূন্যপদ ২১ (অসংরক্ষিত ১০, ওবিসি ৬, তপশিলি জাতি ৩, তপশিলি উপজাতি ২)। ক্রমিক সংখ্যা ৬: মেশিনিস্ট: শূন্যপদ ১২ (অসংরক্ষিত ৬, ওবিসি ৩, তপশিলি জাতি ২, তপশিলি উপজাতি ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** কোনো স্বীকৃত বোর্ড থেকে ১০+২ সিস্টেমে ন্যূনতম ৫০ শতাংশ নম্বর নিয়ে দশম শ্রেণি বা সমতুল পাশ এনসিভিটি/ এসসিভিটি থেকে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই পাশ।

**বয়সসীমা:** ৩০ অক্টোবর ২০১৭ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৫-২৪ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা নিয়ম অনুযায়ী বয়সের উর্ধ্বসীমায় ছাড় পাবেন।

**ট্রেনিংয়ের সময়সীমা ও স্টাইপেন্ড:** ট্রেনিংয়ের সময়সীমা ও স্টাইপেন্ড নিয়ম অনুযায়ী।

**আবেদনের ফি:** ১০০ টাকা। তপশিলি জাতি/ উপজাতি, শারীরিক প্রতিবন্ধী ও মহিলা প্রার্থীদের আবেদনের ফি দিতে হবে না। ক্রেডিট কার্ড/ ডেবিট কার্ড/ ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি দেওয়া যাবে। ট্রানজ্যাকশন সম্পূর্ণ হলে একটি ই-রিসিট পাওয়া যাবে, ই-রিসিটের প্রিন্ট আউট নিয়ে রাখতে হবে।

**আবেদনের পদ্ধতি:** www.rrcjaipur.in ওয়েবসাইটে গিয়ে অনলাইন আবেদন করতে হবে। বৈধ ইমেল আইডি ও ফোন নম্বর থাকতে হবে। যে কোনো একটি ইউনিটের জন্য আবেদন করা যাবে। অনলাইন দআবেদন করার আগে সম্প্রতি তোলো ৩.৫×৩.৫ সেন্টিমিটার মাপের রঙিন ছবি ও স্বাক্ষর স্ক্যান করে রাখতে হবে। অনলাইন আবেদন করার সময় ছবি ও স্বাক্ষর নির্দিষ্ট স্থানে আপলোড করতে হবে। আবেদন করা যাবে ২৯ নভেম্বর ২০১৭ তারিখ বিকাল ৫টা পর্যন্ত। আবেদন সংক্রান্ত কোনো জিজ্ঞাসা থাকলে ০৯৭৮২৭৪৭০৪৫ হেল্পলাইন নম্বরে সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ফোন করতে পারেন। অন্যান্য প্রাসঙ্গিক তথ্য জানা যাবে উপরোক্ত ওয়েবসাইটে।

# ৪১৪ গ্র্যাজুয়েটকে

☞ ১ পাতার পর

এই এগজামিনেশন নোটিস নং 2/2018.CDS-I, তাং ৮.১১.২০১৭।

**কোর্স অনুযায়ী শূন্যপদের বিন্যাস– ১) ইন্ডিয়ান মিলিটারি**
অ্যাকাডেমি, দেরাদুন, ১৪৬তম কোর্স, জানুয়ারি ২০১৯ কোর্স। শূন্যপদ: ১০০ (১৩টি পদ এনসিসি 'সি' সার্টিফিকেটধারী (আর্মি উইং)-দের জন্য)। (২) ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি, অঝিমালা, জানুয়ারি ২০১৯ কোর্স। শূন্যপদ: ৪৫ (০৬টি পদ এনসিসি 'সি' সার্টিফিকেটধারী (ন্যাভাল উইং)-দের জন্য)। (৩) এয়ারফোর্স অ্যাকাডেমি, হায়দরাবাদ (প্রি-ফ্লাইং) ট্রেনিং কোর্স, ফেব্রুয়ারি ২০১৯ কোর্স, নম্বর: ২০৫/এফ(পি) কোর্স। শূন্যপদ: ৩২। (৪) অফিসার্স' ট্রেনিং অ্যাকাডেমি, চেন্নাই, ১০৯তম এসএসসি কোর্স (ফর মেন), এপ্রিল ২০১৯। শূন্যপদ: ২২৫ (৫০টি পদ এনসিসি 'সি' সার্টিফিকেটধারীদের জন্য)। (৫) অফিসার্স' ট্রেনিং অ্যাকাডেমি, চেন্নাই, ২৩তম এসএসসি উইমেন (নন-টেকনিক্যাল) কোর্স। এপ্রিল ২০১৯ কোর্স। শূন্যপদ: ১২।

**যোগ্যতা:** ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি ও অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি কোর্স পাশ করে থাকতে হবে। ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমির জন্য ইঞ্জিনিয়ারিং ডিগ্রি কোর্স পাশ হতে হবে। এয়ারফোর্স অ্যাকাডেমির জন্য যে-কোনো শাখায় গ্র্যাজুয়েট হতে হবে, তবে উচ্চমাধ্যমিকে ফিজিক্স এবং ম্যাথমেটিক্স নিয়ে পড়ে থাকতে হবে। অথবা ইঞ্জিনিয়ারিংয়ে

☞ এরপর ১৪ পাতায়

Daily PDF Download: http://www.gksolve.com

Daily PDF Download: http://www.gksolve.com



পরীক্ষা প্রস্তুতি

# প্রাইমারি স্কুলে শিক্ষকতার টেট পরীক্ষা

রাজ্যের প্রাথমিক স্কুলগুলিতে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষকতার জন্য অন্যান্য প্রয়োজনীয় যোগ্যতার সঙ্গে টেট পাশ হওয়া চাইই। পরীক্ষার প্রস্তুতি সহায়তার জন্য ধারাবাহিকভাবে দেওয়া হচ্ছে জীবিকা দিশারীর প্র্যাক্টিস সেট।

মোট ১৫০ নম্বরের লিখিত পরীক্ষা হবে। সময়সীমা দেড় ঘন্টা। ১৫০ নম্বরের মধ্যে ন্যূনতম ৬০ শতাংশ নম্বর পেলে প্রার্থীকে টেট উত্তীর্ণ বলে ঘোষণা করা হবে, সার্টিফিকেট দেওয়া হবে, যা বৈধ থাকবে ৩ বছর। সুতরাং ১৫০ নম্বরের মধ্যে কমপক্ষে ৯০ নম্বর পেতে হবে। সংরক্ষিত শ্রেণির জন্য টেট পাশের নম্বর ৫৫ শতাংশ। পরীক্ষার সিলেবাস প্রকাশিত না হলেও এনসিটিইর নিয়ম অনুযায়ী থাকবে চাইল্ড ডেভেলপমেন্ট ৩০ নম্বর, প্রথম ভাষা (বাংলা/হিন্দি/উর্দু/নেপালি/সাঁওতালি/ওড়িয়া/তেলুগু– নির্ধারিত হবে সংশ্লিষ্ট স্কুলের ভাষামাধ্যম অনুযায়ী) ৩০ নম্বর, দ্বিতীয় ভাষা (ইংরেজি) ৩০ নম্বর, অঙ্ক ৩০ নম্বর এবং এনভায়রনমেন্টাল সায়েন্স ৩০ নম্বর। প্রথম ভাষা হিসাবে ইংরাজির কথা বলা হয়নি এবং সবার ক্ষেত্রেই দ্বিতীয় ভাষা হিসাবে ইংরাজি থাকতে হবে। পরীক্ষা হবে সারা রাজ্যে একইদিনে।

## শিশু মনস্তত্ত্ব ও শিক্ষাবিজ্ঞান

**১. কোন বছর এনসিটিই আইন কার্যকর হয়?**
(ক) ১৯৯২ (খ) ১৯৯৩ (গ) ১৯৯৫ (ঘ) ১৯৯৬

**২. একটি শিশুর সামাজিক উন্নতি বলতে কী বোঝায়?**
(ক) সমাজে শিশুর উন্নতি
(খ) দলগতভাবে শিশুদের বোঝাপড়া
(গ) ভালো সমাজ (ঘ) সমাজে ভালো কাজ করা

**৩. সাধারণত কোন বয়সে শিশুর মধ্যে আকৃতি, ওজন, রঙ, সময় ইত্যাদি সম্পর্কে ধারণা তৈরি হয়?**
(ক) ৬ বছর (খ) ৭ বছর (গ) ৮ বছর (ঘ) ৯ বছর

**৪. শিক্ষার লক্ষ্য নির্ধারণের প্রভাব বিস্তারকারী উপাদান কোনটি?**
(ক) সাংস্কৃতিক ঐতিহ্য (খ) মনোবিজ্ঞান
(গ) বিদ্যালয় (ঘ) ধর্ম প্রতিষ্ঠান

**৫. 'শিক্ষা একটি প্রক্রিয়া'– একথা কে বলেছেন?**
(ক) জন অ্যাডামস (খ) জন ডিউই
(গ) রুসো (ঘ) বেনথাম

